চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 167 Thursday, 18 May, 2023 ✱ ২৮ বর্ষ, ১৬৭ সংখ্যা ✱ ৩ জ্যৈষ্ঠ, ১৪৩০, বৃহস্পতিবার, ১৮ মে, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

বৃষ্টির সৌজন্যে গরম থেকে কিছুটা হলেও মিলেছে স্বস্তি। এই স্বস্তির আবহাওয়া বজায় থাকবে আগামী কিছু দিন। এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আগামী শনিবার পর্যন্ত কলকাতাসহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ...বিস্তারিত পাতা ৩

শিলিগুড়ির আশ্রমপাড়া এলাকায় সেনাবাহিনীর গাড়িতে এসি রিফিলিংয়ের সময় বিস্ফোরণ। বুধবার দুপুরে ঘটনাটি ঘটেছে। বিস্ফোরণের জেরে গুরুতর আহত হয়েছেন চারজন। তাঁদের মধ্যে একজন সেনা ও তিনজন গ্যারাজকর্মী রয়েছেন। ...বিস্তারিত পাতা ৫

জম্মু ও কাশ্মীরের প্রাক্তন রাজ্যপাল সত্যপাল মালিকের ঘনিষ্ঠ কিছু লোকের বাড়িতে বুধবার হানা দিয়েছে কেন্দ্রীয় তদন্ত ব্যুরো (সিবিআই)। জম্মু ও কাশ্মীরে বিমা কেলেঙ্কারির অভিযোগে এই অভিযান চালানো হয়েছে। ...বিস্তারিত পাতা ৬

মাস খানের আগে অসুস্থ বাবার জন্য মাকালু অভিযান না করেই চন্দননগরে ফিরে এসেছিলেন এভারেস্ট জয়ী পিয়ালি বসাক। আজ, ১৭ মে সকাল ৭-৮টা সেই মাকালু শৃঙ্গ জয় করলেন বাংলার মেয়ে পিয়ালি। ...বিস্তারিত পাতা ৮

২ মাসের মধ্যে ৭১ জনকে প্রাথমিকে নিয়োগের নির্দেশ বিচারপতির

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ মেঃ প্রাথমিক নিয়োগ নিয়ে ফের বড় নির্দেশ কলকাতা হাইকোর্টের। সদ্য বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশে বাতিল হয়েছে ৩২ হাজার প্রাথমিক শিক্ষক-শিক্ষিকার চাকরি। আর এবার অন্য একটি মামলায় ৭১ জনকে নিয়োগ করার নির্দেশ দিল আদালত। হাওড়ার প্রাথমিক শিক্ষক নিয়োগ সংক্রান্ত একটি মামলার শুনানি ছিল বুধবার। সেই মামলাতেই ৭১ জন মামলাকারীকে নিয়োগ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। আগামী ২ মাসের মধ্যে নিয়োগ করতে হবে তাঁদের। বিচারপতি জানিয়েছেন, প্রার্থীদের সঙ্গে অন্যায় করেছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। তাই দু-মাসের মধ্যে এদের চাকরিতে নিয়োগ করতে হবে। ২০০৯ সালে প্রাথমিকে নিয়োগ প্রক্রিয়া শুরু হয় হাওড়া জেলায়। ২০১০ সালের ২২ এপ্রিল পর্ষদের তরফ থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়। সেই নিয়োগ নিয়েই এই মামলা। তৃণমূল ক্ষমতায় আসার পর বর্তমান রাজ্য সরকার ২০১২-তে বাতিল করে দেয় ওই নিয়োগ প্রক্রিয়া। পুরো প্রক্রিয়াকেই বেআইনি



বলে ঘোষণা করেছিল রাজ্য সরকার। এই ইস্যুতে মামলা হলে, হাইকোর্টের ডিভিশন বেঞ্চের নির্দেশে ফের পরীক্ষা হয়। ২০১৪ সালে লিখিত পরীক্ষা নেওয়া হয়, অ্যাপ্টিটিউড টেস্টও হয়। ওই প্রার্থীরাই ফের অংশগ্রহণ করেন। সবাই পাশও করেন। সেই সময় আনুমানিক প্রায় ১২০০ শূন্যপদ ছিল হাওড়ায়। ২০২২ সালে মামলা করেন সুব্রত জানা, সুব্রত রক্ষিত সহ একাধিক প্রার্থী। তাঁদের অভিযোগ ছিল, যে সব প্রার্থীর কাট অফ মার্কস নেই, আবেদন করেননি, লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করেননি তাঁদেরও নাকি নিয়োগপত্র দেওয়া হয়েছে। অথচ যোগ্য হওয়া সত্ত্বেও তাঁদের নিয়োগ করা হয়নি বলে দাবি করেন মামলাকারীরা। যাঁরা ২০১৪ সাল থেকে শিক্ষক হিসেবে চাকরি করছেন, তাঁদের তরফে আইনজীবী অনিন্দ্য বসু সওয়াল করেন আদালতে। তিনি জানান, ওই প্রাথমিক শিক্ষকদের কাছে সমস্ত রকম নথিপত্র আছে। তাঁরা পরীক্ষা দিয়েই যোগ্য হিসেবে চাকরি করছেন বলে দাবি করা হয়। তাই বিচারপতি কোনও চাকরিরত শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করার নির্দেশ দেননি।

নবান্নে ঢুকেই সারপ্রাইজ ভিজিট মুখ্যমন্ত্রীর!

গেলেন ভূমি সংস্কার ও অর্থ দফতরে

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ মেঃ নবান্নে পৌঁছে হঠাৎ দফতর পরিদর্শনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার হঠাৎ ভূমি সংস্কার দফতর পরিদর্শনে যান মুখ্যমন্ত্রী। দফতরের সব কর্মী সঠিক সময় হাজির হচ্ছেন? ভূমি সংস্কার দফতরে সারপ্রাইজ ভিজিটে গিয়ে সচিবকে এমনই প্রশ্ন করেন মুখ্যমন্ত্রী। নবান্ন সূত্রে এমনই খবর। অর্থ সচিবের ঘরে গিয়েও উপস্থিতির হার কেমন, তা জানতে চান মুখ্যমন্ত্রী। উপস্থিতি নিয়ে ফের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অর্থ সচিবকে গুরুত্বপূর্ণ নির্দেশ দিয়েছেন বলেই নবান্ন সূত্রে খবর। এর আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বরাষ্ট্র দফতর পরিদর্শন করেছিলেন। সেই সময় স্বরাষ্ট্র দফতরে কেন ফাইল পড়ে রয়েছে, তা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছিলেন তিনি। শুধু তাই নয়, গত সোমবারও সাংবাদিক সম্মেলন করে কো-অর্ডিনেশন কমিটির দিকে অভিযোগের আঙুল তুলেছিলেন মুখ্যমন্ত্রী। তারপর এদিন হঠাৎ দুই দফতর পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী। প্রসঙ্গত, রাজ্য সরকারি চাকরি 'ম্যানিপুলেট' হয় আলিমুদ্দিন থেকে, সোমবারই নবান্নে এক সাংবাদিক বৈঠকে ডিএ আন্দোনকারীদের আক্রমণ করে এমনটাই বলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি দাবি করেন, বিডিও থেকে জয়েন্ট সেক্রেটারি, ঠিক হয় আলিমুদ্দিনেই। মমতা বলেন, ''আমি সরকারি কর্মচারীদের সম্মান করি। সিপিএম হঠাৎ করে গ্যাস বেলুনে, ক্যাশ বেলুনে ভাবছে ব্যাঙের মা হয়ে গেছে। অহঙ্কার, ঔদ্ধত্য আজও লজ্জা নেই। ২০০০ সালের কাগজ খুঁজুন, ১৯৮০ সালের কাগজ খুঁজুন পাবেন না একটাও। এখনো পিএসসি থেকে শুরু করে সব জায়গায় শুধু কো-অর্ডিনেশন কমিটির লোকেরা বসে আছে। আমাদের ছেলেপেলেদের চাকরি হচ্ছে না। যত চাকরি ওরা আলিমুদ্দিন স্ট্রিট থেকে ম্যানিপুলেট করে। আজও সেই ট্র্যাডিশন চলছে। কারণ আমি কাউকে চাকরি থেকে বরখাস্ত করিনি।'' সেই নিশানার পর এদিন মমতার দুই দফতর পরিদর্শন বিশেষ তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

মুখ্যমন্ত্রীর নাম ঘোষণা পিছিয়ে গেল কর্ণাটকে

৭২ ঘণ্টার মধ্যে ঘোষণা, বলল কংগ্রেস

বেঙ্গালুরু, ১৭ মেঃ কর্নাটকে ফল ঘোষণার পর চারদিন কেটে গেল, নতুন মুখ্যমন্ত্রীর নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করতে পারল না কংগ্রেস। ফলে পূর্ব ঘোষণা মতো বৃহস্পতিবার নতুন মন্ত্রিসভার শপথ নেওয়ার সম্ভাবনা খুবই কম। বুধবার বিকালে কংগ্রেস নেতা রণদীপ সিং সুরজেওয়ালা জানান, আগামী ৪৮ থেকে ৭২ ঘণ্টার মধ্যে নতুন মন্ত্রিসভা শপথ নেবে। অর্থা সাতদিন গড়াতে পারে নতুন মন্ত্রিসভা গঠন হতে। ফলে খুবই অস্বস্তিতে পড়েছেন কংগ্রেস নেতৃত্ব। বিশেষ করে সভাপতি মল্লিকার্জুন খাড়্গে। কর্নাটক তাঁর নিজের রাজ্য বলে কথা। স্বভাবতই বিজেপি বলতে শুরু করেছে বাসবরাজ বোম্মাই আর কতদিন কার্যনির্বাহী মুখ্যমন্ত্রী থাকবেন। এই হল কংগ্রেস। চারদিন হয়ে গেল মুখ্যমন্ত্রী ঠিক করতে পারল না। বুধবার দুপুরেই কংগ্রেস মহল থেকে বলা হয়েছিল সিদ্দারাইয়া মুখ্যমন্ত্রী হবেন। শিবকুমার হবেন উপমুখ্যমন্ত্রী। এছাড়া তাঁকে একাধিক গুরুত্বপূর্ণ দফতরের ভার দেওয়া হবে। সংখ্যাটা ছয় পর্যন্ত হতে পারে বলেও কোনও কোনও সংবাদমাধ্যমের খবর। এছাড়া তিনি প্রদেশ কংগ্রেসের সভাপতির পদে যেমন ছিলেন থাকবেন। কিন্তু

তাতেও চিঁড়ে ভেজেনি বলে খবর। শিবকুমার মুখ্যমন্ত্রী হতে অনড়। আর যদি আড়াই বছর করে ভাগাভাগী করে সরকার চালাতে হয় তাহলে তাঁকে আগে মুখ্যমন্ত্রী করতে হবে। তাঁর শিবিরের দাবি, সাড়ে তিন বছর আগে সিদ্দারামইয়ার জন্যই কংগ্রেসের ঘর ভেঙে বিজেপি ক্ষমতায় এসেছিল। পরের সাড়ে তিন বছর দলকে বিজেপির থাবা থেকে রক্ষা করা এবং আন্দোলনমুখী রাখার মূল ভূমিকা ছিল শিবকুমারের। ফলে মুখ্যমন্ত্রীর চেয়ার তাঁরই প্রাপ্য। যদিও মঙ্গলবার বেঙ্গালুরু থেকে দিল্লি যাওয়ার পথে শিবকুমার বলেছিলেন, ''হাইকমান্ড যে সিদ্ধান্ত নেবেন সেটাই চূড়ান্ত। আমি কারও সঙ্গে লড়াইয়ে নেই।'' কিন্তু দিল্লি এসে মত বদলে ফেলেছেন। বুধবার বিকালে তিনি ও সিদ্দারামাইয়া আলাদা আলাদা রাহুল গান্ধির সঙ্গে দেখা করেন। কংগ্রেস সূত্রের খবর রাহুল সিদ্দারামাইয়াকে মুখ্যমন্ত্রী করার পক্ষপাতী। রাহুলের সঙ্গে বৈঠকের পর শিবকুমার দিল্লিতে তাঁর ভাইয়ের বাড়িতে অনুগামীদের নিয়ে বৈঠকে বসেন। এখনও পরিস্কার নয় কোথাকার জল কোনদিকে গড়াবে।

অভিষেকের নবজোয়ারের পাল্টা কি এবার বিজেপি যুব মোর্চার পদযাত্রা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ মেঃ পঞ্চায়েত নির্বাচনের আগে উত্তর থেকে দক্ষিণে নবজোয়ার যাত্রা শুরু করেছেন তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবার পদযাত্রা কর্মসূচির কথা ঘোষণা করল বিজেপি যুব মোর্চাও। পদ্ম শিবিরের পক্ষ থেকে জানানো হয়েছে, ''প্রথম পর্যায়ে ভারতীয় জনতা যুব মোর্চার গ্রাম সম্পর্কিত অভিযান সফল ভাবে সুসম্পন্ন হয়েছে। এরপর ভারতীয় জনতা যুব মোর্চা দ্বিতীয় পর্যায়ের প্রথম পর্বে নতুন অভিযান শুরু করবে। আর এই অভিযান শুরু হবে জলপাইগুড়ির থেকে। আগামী জুন মাসের মধ্যে সম্পূর্ণ হবে এই পদযাত্রা কর্মসূচির দ্বিতীয় পর্যায়ও। এই পর্বে ৫০টি বিধানসভা কেন্দ্রের ৫০০টি গ্রামে পৌঁছবে যুব মোর্চা।'' বিজেপি সূত্রের খবর, এবারের এই পথযাত্রা পাড়ি দেবে মোট ৫০০০ কিলোমিটার। এই কর্মসূচির মাধ্যমে ২০০ টি গ্রামীণ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ১ হাজারটি গ্রাম পঞ্চায়েতে এবং ৫ হাজারটি গ্রামে পৌঁছবেন যুব মোর্চার কার্যকর্তারা। শুনবেন মানুষের সমস্যার কথা, মনের কথা। জানানো হয়েছে, প্রত্যেকটি

বিধানসভা কেন্দ্রের কমপক্ষে ২৫ কিলোমিটার পথের উপর দিয়ে যাবে বিজেপি যুব মোর্চার এই মিছিল। যুব মোর্চার সর্বভারতীয় সভাপতি তেজস্বী সূর্যও যুব মোর্চার এই পঞ্চায়েত পদযাত্রায় অংশগ্রহণ করবেন। এছাড়াও, থাকবেন দলের বিধায়ক, সাংসদ, এমনকী, কেন্দ্রীয় নেতৃত্ব। ২১ দিন ধরে চলবে এই পদযাত্রা। এই পদযাত্রার মাধ্যমে চার দফা লক্ষ্যমাত্রা স্থির করেছে পদ্মশিবির। প্রথমত, ঘরে ঘরে পদ্ম বার্তা পৌঁছনো, দ্বিতীয়ত, হাট সভা করা। তৃতীয়ত, দেওয়াল লিখন এবং সবশেষ, তথা সবচেয়ে গুরুত্বপূর্ণ পঞ্চায়েত সভার আয়োজন। গত ২৫ এপ্রিল কোচবিহার থেকেই জনসংযোগ যাত্রা শুরু করেছেন অভিষেক। কোচবিহার, দুই দিনাজপুর, মুর্শিদাবাদ, মালদহ, বীরভূম হয়ে এখন অভিষেকের নবজোয়ার কর্মসূচি পৌঁছেছে বর্ধমানে। এই কর্মসূচিতেই ভোটগ্রহণের মাধ্যমে পঞ্চায়েতের প্রার্থী নির্বাচন করা হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি। তবে কি, অভিষেকের এই কর্মসূচির পাল্টাই এবার এই পদযাত্রার পরিকল্পনা করল বিজেপি?

'ভানু তৃণমূলের বড় নেতা'

এগরায় প্রমাণ লোপাটের আশঙ্কা প্রকাশ শুভেন্দুর, গেল তৃণমূলের প্রতিনিধি দল

দুরন্ত বার্তা, এগরা, ১৭ মেঃ বাজি কারখানা নয়, আসলে পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে ভিতরে তৈরি হচ্ছিল বোমা। বুধবার এগরার বিস্ফোরণস্থলে গিয়ে এমনটাই দাবি করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্য প্রশাসনের বিরুদ্ধে কড়া আক্রমণ শানিয়েছেন তিনি। ঘটনায় মূল অভিযুক্ত তথা এগরার বাজি কারখানার মালিক ভানু বাগকে 'তৃণমূলের বড় নেতা' বলেও উল্লেখ করেন তিনি। বুধবার এলাকায় পৌঁছে সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন শুভেন্দু। ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা তাঁকে সামনে পেয়ে ক্ষোভ তাহলে গ্রহণ করবেন।'' প্রত্যেক পরিবারকে ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দিতে হবে বলেও দাবি করেছেন তিনি। মৃতদের পরিবারের পাশে থাকার আশ্বাস দিয়েছেন শুভেন্দু। তিনি বলেন, এমন ব্যবস্থা করব যাতে আর ভবিষ্যতে এরকম নিরীহ মানুষের প্রাণ না যায়। উল্লেখ্য, এগরা-কাণ্ডে এনআইএ তদন্তের দাবি জানিয়ে বুধবারই কলকাতা হাইকোর্টে মামলা করেছেন শুভেন্দু অধিকারী। অন্যদিকে, শুভেন্দু খাদিকুল থেকে বেরিয়ে যেতেই সেখানে যায় তৃণমূলের প্রতিনিধি দল। সেই দলে ছিলেন মানস ভুঁইয়া, সৌমেন মহাপাত্র এবং দোলা সেন।

উগরে দেন। এদিন এগরায় দাঁড়িয়ে মোট দুটি দাবি জানিয়েছেন শুভেন্দু। প্রথমত, পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে পদত্যাগ করতে হবে। দ্বিতীয়ত, এনআইএ কে দিয়ে তদন্ত করাতে হবে। শুভেন্দু অধিকারী বলেন, ''বাজি তৈরির কারখানা নয়, পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে বোমা তৈরি হচ্ছিল। এগরা থানার আই সি মৌসম চক্রবর্তীর উদ্দেশে তিনি বলেন, ''আপনার পুলিশ ৫০ হাজার টাকা করে নিত।'' এসআই-এর হাত দিয়ে সেই টাকা নেওয়া হত বলেও দাবি করেছেন তিনি। ভানু বাগকে 'তৃণমূলের বড় নেতা' বলে উল্লেখ করে শুভেন্দু বলেন, ''ভানু ২০১১ সালে পঞ্চায়েতের নেতা ছিলেন। ২০১৮ সালের বৌমাকে দাঁড় করিয়ে ছিলেন।'' তবে মঙ্গলবারই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভানুর তৃণমূল যোগ থাকার কথা অস্বীকার করেছেন। রাজ্য পুলিশ প্রমাণ লোপাট করছে বলেও দাবি করেছেন তিনি। তাই শুভেন্দুর মত, কেন্দ্রীয় নিরাপত্তা দিয়ে সেন্ট্রাল টিমকে দিয়ে ফরেনসিক পরীক্ষা করানো উচিত। পাশাপাশি ক্ষতিপূরণ সম্পর্কে শুভেন্দু বলেন, ''কোনও এমএলএ অফিস থেকে চেক গ্রহণ করবেন না। গ্রাম পঞ্চায়েত বা বিডিও অফিস থেকে যদি চেক দেওয়া হয়, মানসবাবুকে ফোন করে ঘটনাস্থলের বিষয়ে খোঁজখবরও নেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তৃণমূলের প্রতিনিধি দল অকুস্থলে পা রাখতেই চারপাশ থেকে উঠল চোর চোর স্লোগান। ভিড়ের মধ্যেই চরম অস্বস্তিতে পড়লেন মানসরা। ধরলেন ফিরতি পথ। সূত্রের খরর, তৃণমূলের পাঁচ সদস্যের প্রতিনিধি দল আসার পরেই প্রথমে তাঁরা ঘটনাস্থলের দিকে যান। পরিকল্পনা ছিল, কথা বলবেন নিহতদের পরিবারের সঙ্গে। সেখানে যাওয়ার সময় হঠাৎই গ্রামবাসীদের একাংশ তাঁদের ঘিরে ধরে স্লোগান দিতে শুরু করে। কার্যত বিক্ষোভ শুরু হয়ে যায় তাঁদের ঘিরে। 'তৃণমূল হটাও দেশ বাঁচাও', 'চোর হটাও', এই ধরনের নানা স্লোগান শোনা যেতে থাকে। বিক্ষোভের মাঝে পড়ে দ্রুত গাড়ির দিকে ফিরে যেতে থাকেন মানস ভুঁইয়া সহ প্রতিনিধি দলের সদস্যরা। ''দয়ালু মানবিক মুখ্যমন্ত্রী তিনি সমস্ত ব্যাপারে পাশে দাঁড়াবেন। কিন্তু, যাঁরা চক্রান্ত করছে তাঁরা চিহ্নিত হবে।'' সরাসরি কোনও দলের নাম না করে গাড়ির সামনে দাঁড়িয়ে এ ভাষাতেই পাল্টা আক্রমণ শানান মানস ভুঁইয়া। একই সুরে কথা বলেন দোলা সেনও। পাশাপাশি বিক্ষোভের মধ্যেই দলীয় কর্মীদের মাথা ঠান্ডা রাখারও পরামর্শ দেন তিনি।



ইমরানের বাড়িতে লুকিয়ে ৪০ জঙ্গি, পুলিশের হাতে না দিলে সেনা অভিযানের হুঁশিয়ারি

ইসলামাবাদ, ১৭ মেঃ প্রাক্তন পাক প্রধানমন্ত্রী ইমরান খানকে ৩১ মে পর্যন্ত গ্রেফতার করা যাবে না। ইসলামাবাদ আদালত বুধবার এই নির্দেশ জারি করেছে। তবে তার আগেই ইমরানকে ঘিরে পাকিস্তানে নতুন করে দাঙ্গা-হাঙ্গামা ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। বিপন্ন হতে পারে ইমরানের জীবনও। মঙ্গলবার পাকিস্তান সেনা দেশে মিলিটারি আইন বলব করেছে। সেনা প্রধান আসিফ মুনির খান জানিয়েছেন, ইমরান সমর্থকদের হামলার ঘটনাগুলি সেনা আইনে বিচার হবে। এর অর্থ ধৃতদের জামিন মিলবে না এবং বিচার হবে ক্যান্টনমেন্টের ভিতরে সেনা আদালতে। পাক সেনার এই ঘোষণায় এমনিতেই দেশটিতে নতুন করে গোলমালের আশঙ্কা দেখা দিয়েছে। আবার একদল যখন নতুন করে সংঘাতের প্রস্তুতি নিচ্ছে তখন ইমরান সমর্থকদের অনেকেই দলে দলে ঘর-বাড়ি ছাড়ছে সেনার হাতে গ্রেফতারি এড়াতে। এরই মধ্যে বুধবার সেনার রিপোর্টের ভিত্তিতে পাঞ্জাব সরকার একটু আগে ঘোষণা করেছে, ইমরান খানের লাহোরের জামান পার্কের বাড়িতে ৪০জন জঙ্গি আশ্রয় নিয়েছে। ইমরান নিজে তাদের দেখভাল করছেন। এই ভাড়াটে জঙ্গিরাই পুলিশ ও সেনা দফতরে হামলার মূল কারিগর। ইমরানকে চব্বিশ ঘণ্টা সময় দিয়ে বলা হয়েছে, তিনি নিজে জঙ্গিদের ধরিয়ে না দিলে অভিযান চালানো হবে তাঁর বাড়িতে। আদালত ইমরানকে গ্রেফতারে ৩১ মে পর্যন্ত স্থগিতাদেশ দিলেও তাঁর বাড়িতে অভিযানে নিষেধাজ্ঞা আরোপ করেনি। ওয়াকিবহাল মহলের খবর, আর্মি আইন বলব হওয়ায় ইমরানের বাড়িতে সেনা কমান্ডোরা অভিযান চালাতে পারে তিনি নিজে

বহিরাগতদের বের করে না দিলে। সূত্রের খবর, পাকিস্তানে কার্যত সেনা শাসন কায়েম হয়েছে। গত ৯ মে'র পর একাধিক রাজ্যের আইন-শৃঙ্খলা রক্ষার ভার সেনা নিজের হাতে নিয়েছে। পাঞ্জাবের মতো বড় প্রদেশে সেনাকে এখনও ব্যারাক থেকে বের করা হয়নি। যদিও সেখানেও সেনা ব্যারাকে ইমরান সমর্থকেরা হামলা চালিয়েছিল। এই দফায় ইমরানের লড়াই চলছে মূলত সেনার সঙ্গে। বর্তমান সেনা প্রধান আসিফ মুনির ৯ মে'র গোলমালের দিন সরকারি সফরে ওমানে ছিলেন। প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ছিলেন লন্ডনে। ইমরান সমর্থকদের হামলার খবর পেয়ে দু'জনেই পরদিন দেশে ফিরে আসেন। জানা যাচ্ছে, ইমরানের সমর্থকেরা যেভাবে সেনা ছাউনির উপর হামলা চালিয়েছে পাকিস্তানের ইতিহাসে তা কখনও ঘটেনি। কোনও দলের সমর্থকেরাই এমন সাহস দেখায়নি। ১০টি বড় সেনা ব্যারাকে ঢুকে ভাঙচুর চালায় তারা। লাহোরে এক সেনাকর্তার বাংলোয় ভাঙচুর করা হয়। হামলার ঘটনা পাক সেনাকে চ্যালেঞ্জের মুখে ঠেলে দিয়েছে বলে মনে করছেন সেনাকর্তারা। সেনা প্রধান আসিফ মুনির তাই সরকারের অনুমতির তোয়াক্কা না করেই সেনা আইন বলবতের নির্দেশ জারি করেছেন। সেনার এই সিদ্ধান্ত পাকিস্তানের ক্ষমতাসীন সরকারের জন্যও অস্বস্তির বলে মনে করা হচ্ছে। কিন্তু সেনা মনে করছে, পাক সরকারের ব্যর্থতায় ইমরান দেশের সুপ্রিম কোর্টের কাছ থেকে নিজের সপক্ষে রায় আদায় করতে সক্ষম হয়েছেন। তাঁর গ্রেফতারির পক্ষে যথেষ্ট তথ্যপ্রমাণ সরকারের তরফে পেশ করা হয়নি। এদিকে, ইমরানের বাড়িতে সত্যিই ৪০ জঙ্গি লুকিয়ে থাকলে তাদের বের করে না দিলে পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে উঠতে পারে বলে মনে করছে সে দেশের রাজনৈতিক ও প্রশাসনিক মহল। প্রাক্তন প্রধানমন্ত্রীর বাড়িতে সেনা কমান্ডোরা অভিযান চালালে পরিণতি কোন দিকে গড়াতে পারে তা নিয়ে চিন্তায় পড়েছে সব শিবির। সেনা আইন বলব হওয়ায় সিভিল প্রশাসন একপ্রকার অসহায়।

রাতের তাপমাত্রা বাড়লেও স্বাভাবিকের নীচে পারদ, মনোরম আবহাওয়া কাশ্মীর উপত্যকায়

শ্রীনগর, ১৭ মে ঃশুষ্ক আবহাওয়ার পূর্বাভাসের মধ্যেই রাতের তাপমাত্রা বাড়ল কাশ্মীর উপত্যকায়। তবে, কাশ্মীর বিভিন্ন জায়গায় তাপমাত্রা এখনও স্বাভাবিকের নীচেই রয়েছে। স্থানীয় আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় আবহাওয়া মূলত আংশিক মেঘলা থাকতে পারে এবং বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ২০ মে পর্যন্ত বৃষ্টি ও ঝোড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে।মঙ্গলবার রাতে শ্রীনগরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০.৭ ডিগ্রি সেলসিয়াস, পহেলগামে ৩.৫ ডিগ্রি সেলসিয়াস, গুলমার্গে ৫.৮ ডিগ্রি সেলসিয়াস, জম্মুতে ২৩.২ ডিগ্রি সেলসিয়াস। লাদাখের লেহ বুধবার সকালেও ঠান্ডায় কেঁপেছে। এদিন লেহ-তে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ০.৮ ডিগ্রি সেলসিয়াস হয়েছে ।

২১ মে থেকে 'জেড' ক্যাটাগরির সুরক্ষা পাবেন মহারাজ

কলকাতা, ১৭ মে ঃআগামী ২১ মে থেকে সৌরভ গঙ্গোপাধ্যায়ের নিরাপত্তা আরও বাড়ানো হবে। এতদিন সৌরভ ' ওয়াই ক্যাটাগরির নিরাপত্তা পেতেন। ২১ মে থেকে ওয়াই ক্যাটাগরির পরিবর্তে 'জেড ক্যাটাগরি নিরাপত্তা পাবেন সৌরভ।ভারতের প্রাক্তন অধিনায়ক এবং বোর্ডের প্রাক্তন সভাপতির নিরাপত্তা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। ঠিক হয়েছে এবার থেকে জেড ক্যাটাগরির নিরাপত্তার কারণে সৌরভের সঙ্গে দু'জন বিশেষ নিরাপত্তা আধিকারিক থাকবেন। তাছাড়া সৌরভের বাড়ি এবং তিনি যেখানেই যাবেন সেখানেই এই দুই নিরাপত্তা আধিকারিক সৌরভের সঙ্গে থাকবেন। তাঁর সঙ্গে সব সময় একটি বিশেষ গাড়ি থাকবে।

উত্তরাখণ্ডঃসন্ত্রাসী তহবিল মামলায় উধম সিং নগরে এনআইএ অভিযান

উধম সিং নগর(উত্তরাখণ্ড), ১৭ মে ঃবুধবার সন্ত্রাসবাদ, মাদক পাচার এবং গ্যাংস্টার নেক্সাসের বিরুদ্ধে উধম সিং নগরের সুলতানপুর পট্টি এলাকার রতনপুরা গ্রামে গুরবিন্দর সিংয়ের বাড়িতেও অভিযান চালায়. ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি (এনআইএ)।বুধবার সকাল ৬টায় গুরবিন্দরের বাড়িতে পৌঁছয় এনআইএ টিম। যদিও গুরবিন্দর এবং তার বাবা ইংল্যান্ডে থাকেন, গুরবিন্দরের স্ত্রী, শাশুড়ি এবং শ্যালক বাড়িতে উপস্থিত ছিলেন। এরপর এই তিনজনকে জিজ্ঞাসাবাদ করে এনআইএ টিম। জিজ্ঞাসাবাদে পরিবারের সদস্যরা দলকে কী বলেছেন তা জানা যায়নি। যদিও এনআইএ তদন্ত এখনও চলছে।উল্লেখযোগ্যভাবে, শিখ অধ্যুষিত উধম সিং নগর তার খালিস্তান সংযোগের কারণে সবসময়ই আলোচনায় থাকে। পঞ্জাবে যখন চরমপন্থা চরমে তখনও উধম সিং নগর সন্ত্রাসবাদের আগুনে পুড়েছিল। এখানেও সন্ত্রাসীরা বড় বড় অপরাধ করত। যদিও পরে পঞ্জাব এবং উধম সিং নগরে সন্ত্রাস দমন করা হয়েছিল। উধমসিংহ নগরের জগজি সিং জগ্গাকে প্রজাতন্ত্র দিবসেও দিল্লিতে সন্ত্রাস করার ষড়যন্ত্র করার জন্য দিল্লি পুলিশ গ্রেফতার করেছিল।

মুম্বইয়ের বান্দ্রা এলাকায় বস্তিতে আগুন আহত দু''জন হাসপাতালে চিকিৎসাধীন

মুম্বই, ১৭ মে ঃমুম্বইয়ের বান্দ্রা এলাকায় আগুন লাগল বস্তিতে। বুধবার ভোরে নার্গিস দত্ত রোড বরাবর ঝুপড়িতে আগুন লাগে। লেভেল-২ পর্যায়ের আগুন লাগে। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে পৌঁছে যায় দমকলের মোট ১০টি ইঞ্জিন। এই অগ্নিকাণ্ডে আহত হয়েছেন দু''জন, তাঁরা হাসপাতালে চিকিৎসাধীন। বিএমসি জানিয়েছে, বুধবার ভোর

সিডনিতে কোয়াড বৈঠক বাতিল করল অস্ট্রেলিয়া, তবে জাপানে জি-৭ মিটিং হচ্ছে



সিডনি, ১৭ মে ঃ সিডনিতে আয়োজিত হতে চলা কোয়াড বৈঠক বাতিল করল অস্ট্রেলিয়া। আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন ওয়াশিংটনে আয়োজিত ঋণ সিলিং আলোচনার কারণে অস্ট্রেলিয়া সফর স্থগিত করেছেন, আর তাই সিডনিতে আয়োজিত হতে চলা কোয়াড মিটিং বাতিল করেছে অস্ট্রেলিয়া।তবে জাপানে জি-৭ মিটিং হচ্ছেই। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবানিজ বলেছেন, অস্ট্রেলিয়া, আমেরিকা, ভারত ও জাপানের নেতারা এই সপ্তাহান্তে জাপানে জি-৭ বৈঠকে মিলিত হবেন। উল্লেখ্য, আমেরিকার রাষ্ট্রপতি জো বাইডেন ঋণ সংকটের মধ্যে জি-৭-পরবর্তী এশিয়া সফরও বাতিল করেছেন। তিনি পাপুয়া নিউগিনি অথবা অস্ট্রেলিয়া যাবেন না।

এগরা বিস্ফোরণকাণ্ডে শুভেন্দুর এনআইএ তদন্তের আবেদন মঞ্জুর করল হাইকোর্ট

কলকাতা, ১৭ মে ঃ মঙ্গলবার দুপুরে এগরায় বাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় এনআইএ তদন্তের দাবি করেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বুধবার তাঁর সেই দাবি মঞ্জুর করল কলকাতা হাইকোর্ট।এ বিষয়ে হাইকোর্টের দৃষ্টি আকর্ষণ করেছিলেন শুভেন্দুর আইনজীবী শ্রীজীব চক্রবর্তী। এ নিয়ে মামলা দায়ের করার অনুমতি দিল হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের বেঞ্চ। জরুরি ভিত্তিতে মামলাটি শোনার আর্জি জানিয়েছিলেন শুভেন্দুর আইনজীবী। বৃহস্পতিবারই মামলাটির শুনানি হতে পারে বলে আদালত সূত্রে খবর।প্রসঙ্গত, মঙ্গলবার দুপুরে পূর্ব মেদিনীপুরের এগরার খাদিকুল এলাকায় একটি বাজি কারখানায় বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের তীব্রতা এতটাই বেশি ছিল যে, ঘটনাস্থল থেকে কিছুটা দূরে গ্রামের রাস্তায় ছিন্নভিন্ন হয়ে পড়ে থাকতে দেখা যায় দেহ। বিস্ফোরণে অন্তত ৯ জনের মৃত্যু হয়েছে। কী করে এমন ঘটনা ঘটল, তা জানতে সিআইডি তদন্তের নির্দেশ দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিকে, এই বিস্ফোরণের ঘটনায় এনআইএ তদন্তের দাবি তোলে বিজেপি। সাংবাদিক বৈঠকে বিরোধীদের দাবি শুনে মুখ্যমন্ত্রী জানান, এনআইএ তদন্তে তাঁর কোনও আপত্তি নেই। বিরোধীরা যদি চায় এনআইএ তদন্ত করতে পারে। এদিন এগরায় যান শুভেন্দু। সেখানে পৌঁছে স্বজনহারাদের সঙ্গে কথা বলেন তিনি। গ্রামবাসীদের পাশে দাঁড়িয়ে এগরার ঘটনায় এনআইএ তদন্তের দাবিও জানান বিরোধী দলনেতা।অন্যদিক, সিআইডি তদন্তের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তদন্ত শুরু হয়েছে ইতিমধ্যেই। বুধবার দু'জনকে গ্রেফতার করেছে এগরা থানার পুলিশ। ধৃতদের নাম দেবসুন্দর জানা ও তপন দেবনা।

সুপ্রিম কোর্টঃডিকে শিবকুমারের বিরুদ্ধে সঙ্গতিবিহীন সম্পত্তি মামলায় শুনানি স্থগিত

নয়াদিল্লি, ১৭ মে ঃ কর্ণাটক কংগ্রেস নেতা ডি কে শিবকুমারের বিরুদ্ধে সঙ্গতিবিহীন সম্পত্তি মামলায় সিবিআইয়ের দায়ের করা আবেদনের শুনানি পিছিয়ে দিল সুপ্রিম কোর্ট। বিচারপতি বিআর গাভাইয়ের নেতৃত্বাধীন বেঞ্চ বুধবার শুনানি স্থগিত রাখার নির্দেশ দেন।শুনানির সময় ডি কে শিবকুমারের পক্ষে অ্যাডভোকেট অভিষেক মনু সিংভি শুনানি পিছিয়ে দেওয়ার আবেদন করেছিলেন। তবে হাইকোর্ট এ বিষয়ে শুনানি করছে বলেও জানিয়েছে আদালত। সিবিআই চাইলে ভেকেশন বেঞ্চে আসতে পারে। সিংভি বলেন, কর্ণাটক হাইকোর্টের একটি অন্তর্বর্তী আদেশ ছিল এবং হাইকোর্টে ২৩ মে শুনানির কথা রয়েছে।প্রকৃতপক্ষে, কর্ণাটক হাইকোর্ট ১০ ফেব্রুয়ারি ডিকে শিবকুমারের বিরুদ্ধে অসামঞ্জস্যপূর্ণ সম্পত্তির মামলায় তদন্ত স্থগিত করেছিল। হাইকোর্টের এই নির্দেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছে সিবিআই। ডি কে শিবকুমারের বিরুদ্ধে ৩ অক্টোবর, ২০২০-তে একটি এফআইআর নথিভুক্ত করা হয়েছিল। এফআইআর-এ বলা হয়েছে, ডিকে শিবকুমারের সম্পত্তি ২০১৩ থেকে ২০১৮ সাল পর্যন্ত সঙ্গতিবিহীন বেড়েছে।

মর্যাদাপূর্ণ সেবক-রংপো রেল প্রকল্পের আরও একটি মাইলস্টোন অর্জন

গুয়াহাটি ১৭ মে,ঃগত সোমবার সেবক-রংপো রেল প্রকল্প (এসআর আরপি)-এর টানেল নম্বর টি-১৪-তে ফাইনাল কংক্রিট লাইনিং সম্পূর্ণ করার দ্বারা আরও একটি মাইলস্টোন অর্জন করা হয়েছে। গত বছরে এই টানেলের বিরাট সাফল্যের মাইলস্টোন অর্জন করা হয়েছিল এবং ফাইনাল কংক্রিট লাইনিং সম্পূর্ণ হওয়াটা এই প্রকল্পের সাথে জড়িত ইঞ্জিনিয়ারদের দ্বারা একটা অবিশ্বাস্য অর্জন।২০২৩-এর মার্চ মাসে মাননীয় রেলওয়ে, যোগাযোগ, বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণবও এই টানেল পরিদর্শন করেন এবং কাজের প্রশংসা করেন। অবশেষে ফাইনাল কংক্রিট লাইনিং সম্পূর্ণ হওয়ার শুভ উপলক্ষ এই প্রকল্পের ইতিহাসে একটি উল্লেখযোগ্য পরিনাম হিসেবে চিহ্নিত হলো।এই টানেলটি সিকিমে রেলওয়ে নেটওয়ার্কের প্রবেশদ্বার। টানেলটি প্রায় ১৯৭৭ মিটার লম্বা এবং এটি সিকিমের পাকয়ং জেলার সাব-ডিভিশন রংপোতে অবস্থিত। প্রকল্পটির ১৪টি টানেলের মধ্যে এই টানেলটি ফাইনাল কংক্রিট লাইনিং সম্পূর্ণ হওয়া প্রথম টানেলের কৃতিত্ব অর্জন করেছে। টানেলটি পূর্ব সিকিম অঞ্চলের কুমরেক ও খানিখলার মধ্যে অবস্থিত এবং নিম্ন হিমালয়ের প্রত্যাহ্বানমূলক ভূ-তাত্ত্বিক অবস্থার মধ্য দিয়ে অতিক্রম হয়েছে। এই প্রকল্পে উচ্চ অভিজ্ঞতা সম্পন্ন বিদেশি ইঞ্জিনিয়ারদের পাশাপাশি ভারতের সু-অভিজ্ঞ ইঞ্জিনিয়ারদের তত্ত্বাবধানে প্রত্যাহ্বানমূলক ও দুর্বল গ্রাউন্ডমাসের মাধ্যমে টানেল সম্পূর্ণ করার জন্য নিউ অস্ট্রিয়ান টানেলিং মেথড (এনএটিএম) গ্রহণ করা হয়েছে। খুব শীঘ্রই এই টানেলের মাধ্যমে ট্র্যাক লিংকিং-এর কাজের পরবর্তী কার্যক্রম শুরু হবে। টানেল নং. টি-১৪-এর ঠিক পরেই অবস্থিত রংপো স্টেশন নির্মাণেরও কাজ চলছে এবং এটি সম্পূর্ণ হওয়ার পর সিকিমের জন্য বাণিজ্য ও পর্যটন কেন্দ্র হয়ে উঠবে। এই রেলওয়ে প্রকল্প রাজ্যটির আর্থ-সামাজিক স্থিতির মান বৃদ্ধি করবে।সেবক থেকে রংপো পর্যন্ত এই নতুন রেল সংযোগী প্রকল্পটি প্রায় ৪৫ কিঃমিঃ লম্বা এবং ১৪টি টানেল, ২২টি ব্রিজ ও পশ্চিমবঙ্গের তিস্তা বাজারে একটি আন্ডারগ্রাউন্ড স্টেশন সহ ৫টি স্টেশন অন্তর্ভুক্ত করা হয়েছে। সমগ্র প্রকল্পটির প্রায় ৩৮ কিঃমিঃ বিন্যাস টানেলের মাধ্যমে অতিক্রম হয়েছে, ইতিমধ্যে প্রায় টানেল নির্মাণের ৭৬ শতাংশ কাজ সম্পূর্ণ হয়েছে। ৬টি টানেলের খনন কার্য ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে এবং আরও কতগুলি খননের কাজ শেষ হওয়ার পথে। অন্যান্য টানেলের ফাইনাল কংক্রিট লাইনিং-এর কাজও শুরু হয়েছে। ২০২৪-এর ডিসেম্বরের মধ্যে প্রকল্পটি সম্পূর্ণ করার লক্ষ্যে বর্তমানে টানেল, ব্রিজ ও স্টেশন নির্মাণ সম্পর্কিত সমস্ত কার্যকলাপ যুদ্ধকালীন পরিস্থিতিতে চালানো হচ্ছে। এটি ভারতের অন্যতম একটি মর্যাদাপূর্ণ নির্মীয়মাণ জাতীয় প্রকল্প এবং প্রকল্পটি সম্পূর্ণ হয়ে গেলে প্রথমবারের জন্য সিকিম রেলওয়ের মাধ্যমে সংযুক্ত হয়ে যাবে।

এবছর কেরলে দেরিতে ঢুকবে বর্ষা

নয়াদিল্লি, ১৭ মে জ্ঝএবছর কেরলে দেরিতে ঢুকবে বর্ষা । গত মঙ্গলবার এমনটাই জানাল মৌসম ভবন। তবে আবহবিদদের বক্তব্য, কেরলে বর্ষা ঢুকতে দেরি হলেও বাংলাতেও বর্ষা ঢুকতে দেরি হবে এমন নয়।মৌসম ভবন সূত্রে খবর, সাধারণত ১ জুন কেরলে পৌঁছয় মৌসুমি বায়ু। তার সঙ্গে সঙ্গেই বর্ষা ঢোকে কেরলে। তবে এবার আগামী ৪ জুন কেরলে ঢুকতে পারে বর্ষা। অর্থাৎ এবছর নির্ধারিত সময়ের থেকে দিন তিনেক দেরিতে ঢুকবে বর্ষা। ফলে বাংলাতেও দেরিতে বর্ষা ঢুকবে কিনা তা নিয়ে প্রশ্ন উঠছে। যদিও এব্যাপারে এখনও পর্যন্ত কিছু জানায়নি মৌসম ভবন। তবে সাধারণভাবে গত কয়েক বছরের পরিসংখ্যান দেখলে দেখা যাবে, কেরল হয়েই বাংলায় ঢোকে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু। ফলে কেরলে বর্ষা ঢুকতে দেরি হলে বাংলাতেও দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু ঢুকতে নির্ধারিত সময়ের থেকে আরও কয়েকদিন দেরি হবে বলে মনে করা হচ্ছে।গত কয়েক বছরের পরিসংখ্যান দেখলে দেখা যায়, গত বছর নির্ধারিত সময়ের আগেই কেরলে বর্ষা ঢুকেছিল। তার আগে দু-বছর নির্ধারিত সময়ের আশপাশেই কেরলে বর্ষা ঢুকেছে। ২০১৯ সালে বর্ষা ঢুকতে অনেকটা দেরি হয়েছিল।মৌসম ভবনের পূর্বাভাস মোতাবেক এবছর যদি ৪ জুন কেরলে বর্ষা ঢোকে, তাহলে সেটা গত বছরের তুলনায় খানিক দেরিতে হবে। এবার বাংলাতেও বর্ষা ঢুকতে দেরি হবে কিনা তা এখনই স্পষ্ট নয়। বাংলায় সাধারণত বর্ষা ঢোকার সময় ১১ জুনের মধ্যে। এখনও পর্যন্ত আবহাওয়া দফতরের পূর্বাভাস, আগামী ৭ জুন জলপাইগুড়ি, ৮ জুন শিলিগুড়ি, ১০ জুন সুন্দরবন এবং ১১ জুন কলকাতায় বর্ষা ঢুকতে পারে। তবে সেই সময় দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু কতটা সক্রিয় থাকে, তার উপরই বর্ষা ঢোকার বিষয়টি নির্ভর করছেষ ফলে এবার কবে বাংলায় বর্ষা ঢোকে, সেটাই দেখার!

হাইকোর্টে বিচারপতির সঙ্গে বাদানুবাদ আইনজীবীর, সতর্কিত হলেন আইনজীবী

কলকাতা, ১৭ মেঃহ্যারিকেন মিছিল মামলায় গ্রুপ ডি চাকরিপ্রার্থীদের আইনজীবী কৌস্তুভ বাগচীকে সতর্ক করলেন কলকাতা হাই কোর্টের বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায়। সেই সঙ্গে বিচারপতির সতর্কবার্তা, আদালতকে অসম্মান করলে সেখানে আইনজীবীর ঢোকা বন্ধ হয়ে যাবে।বিচারপতির মতে, আদালতে কী ভাবে আচরণ করতে হয়, তা বোধ হয় জানেন না আইনজীবী। মঙ্গলবার দুপুরে এই মামলার শুনানির সময় নির্ধারণ করা নিয়ে বিচারপতি মুখোপাধ্যায়ের সঙ্গে বাদানুবাদে জড়িয়ে পড়েন আইনজীবী কৌস্তুভ।বিচারপতি মুখোপাধ্যায় মঙ্গলবার বিকেল ৪টেয় শুনানির কথা বললেও অন্য সময় তা শুরু করার কথা বলেন আইনজীবী কৌস্তুভ। আইনজীবী বলেন, এই মামলাটি বুধবার সকাল সাড়ে ১০টায় গ্রহণ করা হোক। আমার কাছে মামলার প্রতিলিপি নেই। তা ছাড়া এ বিষয়ে আন্দোলনকারীদের পরামর্শ নিতে হবে। বুধবার মামলাটি শুনানি না করা হোক।বিচারপতি মুখোপাধ্যায় বলেন, আপনাকে সময় দেওয়া হবে। কিন্তু মামলার শুনানি বুধবার ৪টেয় হবে। আইনজীবী বলেন, ওই সময় আমার ব্যক্তিগত কাজ রয়েছে। অনুগ্রহ করে মামলাটি বুধবার নেওয়া হোক।বিচারপতি বলেন, জরুরি ভিত্তিতে এটির শুনানির আর্জি করা হয়েছে। বুধবার শুনানি হবে। আইনজীবী বলেন, বুধবার সন্ধ্যায় মিছিল রয়েছে। বুধবার সকালে মামলাটির শুনানি হোক। এতে তো কোনও সমস্যা হওয়ার কথা নয়। ক্ষতি হলে তো আমাদের হবে। আঃেদালনকারীরা বিভিন্ন জেলা থেকে মিছিলে অংশ নেবেন। শেষ মুহূর্তে কর্মসূচি বাতিল হলে আমরাই ভুক্তভোগী হব। বিচারপতি বলেন, মামলাটি আজ শুনানি হতে অসুবিধা নেই। আপনাকে তো সময় দেওয়া হচ্ছে।কৌস্তুভ তখন বলেন, আমি বলতে বাধ্য হচ্ছি, মামলাটির শুনানি করতে এই কোর্টের ব্যক্তিগত স্বার্থ রয়েছে। ব্যক্তিগত স্বার্থেই বিচারপতি মামলাটি বুধবার শুনতে চাইছেন। বুধবার শুনলে কোনও অসুবিধা হত না। বিচারপতি বলেন, এটা আপনি বলতে পারেন না। দ্রুত শুনানির আর্জি করা হয়েছে। এই কোর্টের উপর দায়িত্ব দেওয়া হয়েছে তাই শুনছে। আমি কুড়ি বছর ওকালতি করেছি, জরুরি মামলায় কী ভাবে অংশ

দ্য কেরালা স্টোরি ঃ সুপ্রিম কোর্টে হলফনামা পেশ করল বাংলা সরকার

নয়াদিল্লি, ১৭ মে ঃ দ্য কেরালা স্টোরি ছবিটি মুক্তি পাওয়ার আগে থেকেই শুরু হয়েছে বিতর্ক। গত ৫ মে ছবিটি মুক্তি পাওয়ার চার দিনের মধ্যেই পশ্চিমবঙ্গ সরকার ছবিটি পশ্চিমবঙ্গ রাজ্যে নিষিদ্ধ ঘোষণা করে। সেন্সর বোর্ডের ছাড়পত্র থাকা সত্ত্বেও বাংলায় কেন এই ছবি দেখানো হবে না, তার কারণ জানতে চেয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হয় দ্য কেরালা স্টোরির টিম। শীর্ষ আদালত রাজ্যের কাছে জানতে চায় সারা দেশে চললেও সিনেমাটি বাংলায় কেন নিষিদ্ধ হল? দেশের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং বিচারপতি পি এস নরসিমার বেঞ্চে রাজ্যে দ্য কেরালা স্টোরি নিষিদ্ধ করার বিরুদ্ধে মামলার শুনানি চলে। সেই মামলাতেই পশ্চিমবঙ্গ সরকারের উত্তর জানতে চেয়ে নোটিস পাঠায় সুপ্রিম কোর্ট।বুধবার নোটিসের জবাবে রাজ্য সরকারের পক্ষ থেকে জানানো হয়, ছবিটি পক্ষপাতদুষ্ট। এখানে তথ্য বিকৃত করা হয়েছে যা বিশেষ সম্প্রদায়ের ভাবাবেগে আঘাত আনতে পারে। এতে রাজ্যের সাম্প্রদায়িক সম্প্রীতি ও আইন-শৃঙ্খলার পরিবেশ নষ্টের আশঙ্কা রয়েছে। এর তথ্য দিয়েছে রাজ্যের গোয়েন্দা সংস্থা।পশ্চিমবঙ্গ সরকার দ্য কেরালা স্টোরি ফিল্মটির প্রদর্শনের উপর নিষেধাজ্ঞাকে রক্ষা করে বলেছে যে ছবিটি প্রদর্শনের ফলে চরমপন্থী গোষ্ঠীগুলির মধ্যে সংঘর্ষের সম্ভাবনা রয়েছে। এমন পরিস্থিতিতে বিদ্বেষ ও হিংসার ঘটনা এড়াতে রাজ্যে বিতর্কিত ছবিটি নিষিদ্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রাজ্য সরকার বলেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ছবিটির উপর নিষেধাজ্ঞা একটি নীতিগত সিদ্ধান্ত। নিষেধাজ্ঞা পিটিশনকারীদের মৌলিক অধিকার লঙ্ঘন করেনি এবং পিটিশন কারীদের আর্থিক ক্ষতির সম্মুখীন হওয়াকে মৌলিক অধিকারের লঙ্ঘন বলা যাবে না।

১৮ মে মিউজিয়াম এক্সপোর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী, লোগো ও কর্তব্য পথের মানচিত্রও করবেন প্রকাশ

নয়াদিল্লি, ১৭ মেঃসাতচল্লিশতম আন্তর্জাতিক সংগ্রহশালা দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরে ন্দ্র মোদী নতুন দিল্লির প্রগতি ময়দানে মিউজিয়াম এক্সপোর উদ্বোধন করবেন। আজাদী কা অমৃত মহোসব উদযাপনের অঙ্গ হিসেবে এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। সংগ্রহশালাগুলিতে বিশেষজ্ঞদের মতামত গ্রহণের উপর এবারের এক্সপোতে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। ভারতের সংস্কৃতি কেন্দ্রিক কূটনৈতিক প্রক্রিয়ায় সংগ্রহশালাগুলিকে বিশেষ কেন্দ্র হিসেবে গড়ে তোলার উদ্যোগটি আরও শক্তিশালী হবে। ওই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক মিউজিয়াম এক্সপোর লোগো, কর্তব্য পথের মানচিত্র এবং মিউজিয়াম কার্ড প্রকাশ করবেন। এছাড়াও নর্থ ও সাউথ ব্লকে প্রস্তাবিত সংগ্রহশালাটির ভার্চুয়ালি ব্যবস্থাপনার উদ্বোধনও করবেন তিনি। দেশের ঐতিহাসিক নানা গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনাবলী এবং বিশিষ্ট ব্যক্তিত্বদের তথ্য এই সংগ্রহশালায় থাকবে।

সক্রিয় রোগীর সংখ্যা কমে ১১,৩৯৩ দৈনিক সংক্রমণও নিম্নমুখী

নয়াদিল্লি, ১৭ মে ঃ ভারতে করোনার দৈনিক সংক্রমণ নিরন্তর কমছে, নিয়ন্ত্রণেই রয়েছে মৃত্যুর সংখ্যাও। সুস্থতার হারও ঊর্ধ্বমুখী। বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ১,০২১ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১১,৩৯৩-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৩ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। বুধবার সকাল আটটা পর্যন্ত মৃত্যু হয়েছে ৫,৩১,৭৯৪ জনের (১.১৮ শতাংশ)।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৩৯,৯৬৫ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৯ শতাংশ। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০০,৮৮৩ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৬,৯৩,৯৫২ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৬ মে সারা দিনে ভারতে ১,৩১,৭৭২ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

অমৃতসর সীমান্ত এলাকায় ড্রোন থেকে ১০৮ কোটি টাকার হেরোইন ফেলল পাকিস্তান

চণ্ডীগড়, ১৭ মে ঃ ভারতের পঞ্জাবের অমৃতসর জেলার সীমান্ত এলাকায় ড্রোনের মাধ্যমে ১০০ কোটি টাকার বেশি মূল্যের হেরোইন ফেলেছে পাকিস্তান। ড্রোনের গতিবিধি দেখে বিএসএফও গুলি চালায়, কিন্তু কয়েক সেকেন্ডের মধ্যেই সেটি অদৃশ্য হয়ে যায়। বিএসএফ এবং পঞ্জাব পুলিশ এলাকায় তল্লাশি অভিযান জোরদার করেছে।বিএসএফ জানিয়েছে, মঙ্গলবার রাতে সীমান্ত গ্রামের কক্করের কাছে এই ঘটনা ঘটে। পাকিস্তান থেকে ড্রোন ঢুকতে দেখে গুলি চালানো হয়। কিন্তু ততক্ষণে দুটি বড় প্যাকেট ফেলে তিনি উধাও হয়ে যান। এসব প্যাকেট থেকে প্রায় ১৫.৫ কেজি হেরোইন উদ্ধার করা হয়েছে। আন্তর্জাতিক বাজারে এর দাম ১০৮.৫ কোটি টাকা।

দিল্লির নারেলায় জুতো তৈরির কারখানায় বিধ্বংসী আগুন, কেউ হতাহত হননি

নয়াদিল্লি, ১৭ মে ঃ রাজধানী দিল্লিতে ফের ভয়াবহ অগ্নিকাণ্ড! এবার আগুন লাগল দিল্লির নারেলা শিল্পাঞ্চল এলাকায় অবস্থিত একটি জুতো তৈরির ফ্যাক্টরিতে। মঙ্গলবার রাতে ওই ফ্যাক্টরিতে আগুন লাগে।অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে পৌঁছে যায় দমকলের মোট ২৪টি ইঞ্জিন। দমকল কর্মীদের দীর্ঘ সময়ের প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে এসেছে। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হননি। দমকল কর্মীদের প্রাথমিক অনুমান, বৈদ্যুৎতিক শর্টসার্কিটের কারণেই সম্ভবত আগুন লেগেছে।

২৭-তম বার মাউন্ট এভারেস্ট জয় নেপালের কামি রিতা শেরপার, গড়লেন রেকর্ড

কাঠমান্ডু, ১৭ মে ঃ রেকর্ড গড়ে ২৭-তম বারের মতো মাউন্ট এভারেস্টে আরোহণ করলেন নেপালের কিংবদন্তি পর্বতারোহী কামি রিতা শেরপা। বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গে ২৬-তম বারের মতো আরোহণের নিজস্ব রেকর্ড ভাঙলেন ৫৩ বছর বয়সী এই পর্বতারোহী। তাঁর অভিযানের আয়োজক সেভেন সামিট ট্রেকস জানিয়েছে, বুধবার সকালে কামি রিতা ৮,৮৪৮.৮৬ মিটার উচ্চতার পর্বত শৃঙ্গ জয় করেন।সেভেন সামিট ট্রেকসের চেয়ারম্যান মিংমা শেরপা বলেন, বুধবার সকাল ৮টায় কামি রিতা অবিশ্বাস্যভাবে ২৭তমবারের মতো এভারেস্ট জয় করেছেন। সেভেন সামিট ট্রেকস প্রাইভেট লিমিটেডের সিনিযর ক্লাইম্বিং গাইড হিসেবে কর্মরত কামি রিতা ১৯৯৪ সালের ১৩ মে প্রথমবার মাউন্ট এভারেস্টে আরোহণ করেন। এভারেস্ট ছাড়াও তিনি একবার করে কে ২ এবং ল্হোৎেস, তিনবার মানাস্লু এবং চো ওয়ু আটবার আরোহণ করেছেন।

সরকারি তালিকায় মৃত, বার্ধক্য ভাতা পাচ্ছেন না বৃদ্ধ দম্পতি

কুলপি, ১৭ মে ঃ দক্ষিণ ২৪ পরগনার কুলপি ব্লকের ঢোলাহাট গ্রাম পঞ্চায়েতের তেলে গ্রামের বাসিন্দা ৭৯ বছরের বিজয় হাতি। বৃদ্ধা স্ত্রী ও এক অসুস্থ ছেলেকে নিয়ে টানাটানির সংসার হাতি পরিবারের। তিনি দীর্ঘ দশ বছর ধরে বার্ধক্যভাতা পেতেন। কিন্তু গত দু'বছর আগে হঠা করে বন্ধ হয়ে যায় তাঁর ভাতা। এরপর তিনি পঞ্চায়েত ও বিডিও অফিসে খোঁজখবর শুরু করেন। জানতে পারেন, সরকারি নথিতে তাঁকে মৃত দেখানো হয়েছে। যারফলে বন্ধ হয়ে গিয়েছে বার্ধক্যভাতা। পুনরায় ভাতা চালুর আবেদন নিয়ে পঞ্চায়েত, বিডিও, জেলাশাসকের দারস্থ হয়েছেন। কিন্তু কোনমতে ভাতা পুনরায় চালু হয়নি।অন্যদিকে ভাতার টাকাতে চলত হাতি দম্পতির চিকিসা। ভাতা বন্ধ হয়ে যাওয়ায় চিকিসাও করাতে পারছেন না। গ্রামের পঞ্চায়েত সদস্য চিত্তরঞ্জন হালদার এই ঘটনায় ভুল স্বীকার করে নিয়েছেন। কিন্তু এখনও সমস্যার সমাধান হয়নি। এই ঘটনায় যথেষ্ট সমস্যায় ওই বৃদ্ধ দম্পতি। চিত্তরঞ্জন বলেন, এই ঘটনা সত্য। তবে পঞ্চায়েত কর্মীর ভুলের জন্য আজ ওনার নাম কেটে বাদ গিয়েছে বার্ধক্যভাটার তালিকা থেকে। দ্রুত এই সমস্যার সমাধান হওয়া দরকার। হোসেন কয়াল বলেন, বন্ধ হয়ে যাওয়া বার্ধক্য ভাতার জন্য দায়ি পঞ্চায়েত সদস্য ও কর্মীরা। ওনাদের ভুল

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,১৮মে বৃহঃবার, ৩ জ্যৈষ্ঠ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১৮মেঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ৩ জ্যৈষ্ঠ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৩ জ্যৈষ্ঠ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ৩ জ্যৈষ্ঠ ১৯৪৪, মৈতৈ ঃ১১ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্ণাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬.০২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৬.০৪এড্রিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৭৯শতকরা এবং ৩৬শতকরা। বৃষ্টি হয়েছে বুধবার । জোয়ার- সকাল ১১ টা ২০ মিনিট এবং রাত১১টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-১১টা ২০মিনিট। রাত-১১টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ০৩মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা -২ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃ স্বাস্থ্যের জন্য অবশ্যই যত্নের প্রয়োজন। আর্থিক লেনদেন অবিচ্ছিন্নভাবে সারা দিন চলবে এবং দিন শেষ হওয়ার পরে আপনি যথেষ্ট পরিমাণে সঞ্চয় করতে সক্ষম হবেন।শুভদিন।
বৃষভ রাশিঃআপনার সব সমস্যার জন্য সেরা প্রতিষেধক হল হাসি।
মিথুন রাশিঃআজ আপনি আপনার স্বাস্থ্য এবং চেহারা উন্নত করার যথেষ্ট সময় পাবেন।
কর্কট রাশিঃকোনো বন্ধুর শীতল আচরণ আপনার খারাপ লাগতে পারে। কিন্তু নিজেকে ঠান্ডা রাখার চেষ্টা করুন। এটা যেন আপনাকে বিধ্বস্ত না করে এবং পারলে ঝামেলা এড়িয়ে চলুন।অর্থ ব্যয়।
সিংহ রাশিঃআজ ধর্মীয় এবং আধ্যাত্মিক আগ্রহ অনুধাবনের জন্যও দিনটি ভালো। কারো কারোর জন্য ভ্রমণ ক্লান্তিকর প্রমাণিত হতে পারে- কিন্তু আর্থিকভাবে ফলপ্রসূ হবে।
কন্যা রাশিঃধ্যান এবং আত্ম-উপলব্ধি লাভজনক প্রমাণিত হবে। অর্থ সম্পর্কিত যে কোনও সমস্যা আজই সমাধান হতে পারে
বৃশ্চিক রাশিঃহিরাঙ্গণ খেলাধূলা আপনাকে আকর্ষণ করবে- ধ্যান এবং যোগ লাভজনক হবে।
ধনু রাশিঃআপনি অবসর যাপনের আনন্দ উপভোগ করবেন। আপনি যদি ভ্রমণ করে থাকেন তবে আপনার মূল্যবান জিনিসগুলির বিশেষ যত্ন নিন। সংসারে শান্তি।
মকর রাশিঃআপনার আবেগগুলি নিয়ন্ত্রণের চেষ্টা করুন, বিশেষ করে রাগ। যদিও আপনার আঙ্গুল গলে টাকা বেরিয়ে যাবে- তাহলেও আপনার সৌভাগ্যশালী নক্ষত্রগুলি টাকার প্রবাহ বজায়
কুম্ভ রাশিঃঘরে কাজ করার সময় বিশেষ যত্ন নিন। ঘরের কাজের জিনিসগুলির যে কোন অসাবধান ব্যবহার আপনাকে কিছু সমস্যায় ফেলতে পারে। আর্থিক ব্যয় হবে
মীন রাশিঃনিজেকে আরো আশাবাদী হতে প্রেরণা জোগান। এটি প্রত্যয় এবং নমনীয়তা বাড়িয়ে তোলে, কিন্তু একই সময়ে এটিকে ভয়, ঘৃণা, হিংসা এবং

মুক্তির অপেক্ষায় আদিপুরুষ!

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ মে ঃ মুক্তির অপেক্ষায় প্রভাস ও কৃতী শ্যানন অভিনীত ''আদিপুরুষ''। ইতিমধ্যেই মুক্তি পেয়েছে ছবির ট্রেলার। আর এবার প্রকাশ্যে এল এই ছবির নতুন পোস্টার। ছবির ট্রেলার লঞ্চ অনুষ্ঠান দেখা গেছে গোটা বিশ্বজুড়ে। কারণ ভারতের সঙ্গে এই ট্রেলার মুক্তি পেয়েছে বিশ্বে ৭০টি দেশে। ফলে একে ''গ্লোবাল ইভেন্ট'' বলা যেতেই পারে। কী দেখা যাচ্ছে পোস্টারে? পোস্টারে দেখা যাচ্ছে, রাঘব চরিত্রে প্রভাস ধনুক চালাচ্ছেন এবং বজরং অর্থাৎ দেবদত্ত নাগের উপরে দাঁড়িয়ে আছেন। নিজেদের সোশ্যাল মিডিয়া প্রোফাইলে এই পোস্টার শেয়ার করেছেন ছবির কলাকুশলীরা। নির্মাতাদের মতে, এই মহাকাব্যিক গল্প দর্শককে মোহিত করবে এবং রহস্য, ড্রামা, অ্যাকশনে ভরপুর এক দুনিয়ায় নিয়ে যাবে। মার্কিন যুক্তরাষ্ট্র, মধ্যপ্রাচ্য, অস্ট্রেলিয়া, নিউ জিল্যান্ড, এশিয়া, এছাড়া দক্ষিণ এশিয়ার সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, তাইল্যান্ড, মালয়শিয়া, হংকং, ফিলিপিন্স, মায়ানমার, শ্রীলঙ্কা, জাপান, আফ্রিকা, ব্রিটেন, ইউরোপ, রাশিয়া ও মিশরে একসঙ্গে হয়েছে ট্রেলার লঞ্চ অনুষ্ঠান। এই ছবিতে সীতা রূপে বলিউড অভিনেত্রী কৃতী শ্যাননের দেখা মিলবে। প্রথম লুকে নিঃসন্দেহে নজর কেড়েছিলেন তিনি। সোশ্যাল মিডিয়ায় কৃতী শ্যাননের লুক পোস্টার শেয়ার করা হয়েছিল।

ভাঙড়ের পোলট্রি ফার্মে আগুন

দুরন্ত বার্তা, ভাঙড়, ১৭ মে ঃ দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের তালদিঘি এলাকায় একটি পোলট্রি ফার্মে আগুন। বুধবার সকালে ওই পোলট্রি ফার্মে আগুন লাগে। এদিন সকালে আচমকাই বিকট শব্দ শোনা যায়। তারপরই এলাকার মানুষজন বেরিয়ে এসে দেখেন দাউ দাউ করে জ্বলছে এলাকার একটি পোলট্রি ফার্ম। খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। দমকলের গাড়ি আসার আগে স্থানীয় বাসিন্দা ও পুলিশ প্রশাসনের আধিকারিকরা আগুন নেভানোর চেষ্টা করছেন। পুলিশের দাবি শর্ট সার্কিট থেকে আগুন লেগেছে। যদিও কীভাবে আগুন লাগল, তার পূর্ণাঙ্গ তদন্তে ভাঙড় থানার পুলিশ আধিকারিকরা। স্থানীয় আইএসএফ নেতৃত্বের দাবি, ওই পোলট্রি ফার্মের ভিতরে বোমা বাঁধার কাজ চলছিল। যদিও তৃণমূল সেই অভিযোগ অস্বীকার করেছে।

হাওড়ায় মহিয়াড়ী রোড অবরোধ করে বিক্ষোভ

দুরন্ত বার্তা, হাওড়া, ১৭ মে ঃ হাওড়ায় মহিয়াড়ী রোড অবরোধ করে বিক্ষোভ কংগ্রেসের। হাওড়ার ডোমজুড়ের মহিয়াড়ী লক্ষ্মী কমল হাসপাতালের বেহাল চিকিৎসা পরিষেবার অভিযোগ তুলে বুধবার ওই হাসপাতালে ডেপুটেশন কর্মসূচির ডাক দিয়েছিল কংগ্রেস নেতৃত্ব। তাদের দাবি ছিল ২৪ ঘন্টা এমারজেন্সি খোলা রাখতে হবে। সবসময় হাসপাতালে চিকিৎসক রাখতে হবে। কিন্তু এদিন হাসপাতালে চিকিৎসক অনুপস্থিত থাকবেন আগাম খবর পেয়ে কংগ্রেস এদিন হাসপাতালে ডেপুটেশন দেয়নি। এরপর ক্ষিপ্ত হয়ে মহিয়াড়ী রোড অবরোধ করেন। এর জেরে তীব্র যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। ডোমজুড়ের বিএইচএমওএইচ জানান বৃহস্পতিবার ডেপুটেশন নেওয়া হবে। এই আশ্বাসে এদিন কংগ্রেস অবরোধ তুলে নেয়। তারপর ওই রাস্তায় যান চলাচল স্বাভাবিক হয়।

টাকী গ্রামীণ হাসপাতালের মুকুটে নতুন পালক,দুই বছরে দুটি সেরার শিরোপা টাকী গ্রামীণ হাসপাতালের দখলে

সৌরভ দাশ, টাকী, ১৭ মে ঃ ২০২২-২৩ সালে কমিউনিটি হেলথ সেন্টার বিভাগে সুশ্রী কায়াকল্প প্রকল্পে ও ইকো ফ্রেন্ডলি প্রকল্পে রাজ্যের মধ্যে প্রথম স্থান পেলো টাকী গ্রামীণ হাসপাতাল। ২০২২ সালে এনকোয়াসের সমীক্ষায় প্রকাশিত ফলাফলে প্রথম স্থান অর্জনের পর, ২০২৩ এ কায়াকল্প প্রকল্পে ফের রাজ্যে প্রথম স্থানে টাকীর হাসপাতাল। প্রসঙ্গত এই কায়াকল্প বিভাগেই বিগত বছরেও তৃতীয় স্থান অর্জন করেছিলো টাকী গ্রামীণ হাসপাতাল জানান স্থানীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক।

চলতি বছরে সুশ্রী(কায়াকল্প) বিভাগে, রাজ্যের মধ্যে প্রথম স্থানের পাশাপাশি ইকো ফ্রেন্ডলি বিভাগে, দক্ষিন চব্বিশ পরগনার একটি হাসপাতালের সঙ্গে যৌথ ভাবে প্রথম স্থানের তকমা পাওয়ায় স্বভাবতই উচ্ছ্বসিত টাকী গ্রামীণ হাসপাতালের কর্মরত চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী সহ টাকীর মানুষ। সরকারী হাসপাতালের পরিষেবা র মান পর্যবেক্ষন ও মানোন্নয়নের লক্ষে ২০১৫ সাল থেকে ন্যাশানাল হেলথ মিশনের তরফে চালু হয় কায়াকল্প প্রকল্প। রাজ্য সরকারী তরফে সুশ্রী(কায়াকল্প) প্রকল্পের মাধ্যমে রাজ্য জুড়ে হাসপাতাল গুলির পরিকাঠামো পর্যবেক্ষন করা হয়। প্রতি বছর হয় এই সমীক্ষা।সমীক্ষার মূল্যায়ক বিভিন্ন বিষয়ের ভিত্তিতে হাসপাতাল কর্তৃপক্ষের আভ্যন্তরীন মূল্যায়ণের পর , সংশ্লিষ্ট হাসপাতাল পর্যবেক্ষনে আসেন সংশ্লিষ্ট জেলা স্বাস্থ্য আধিকারিকের

প্রতিনিধিদল।স্বাস্থ্য জেলার পরিসংখ্যান মাপকাঠিতে নূন্যতম সত্তর শতাংশের উপর নম্বর পেলে তবেই পরবর্তী পর্যায়ে উন্নীত হয় সেই হাসপাতাল। হাসনাবাদের ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃশেখ শাহিন হাসান জানান, এই ভাবে পর্যায়ক্রমে সমস্ত শর্ত পূরন করে এবছরও টাকী গ্রামীণ হাসপাতাল চুড়ান্ত পর্বে প্রবেশ করে। চলতি বছরের ৩ রা মার্চ এই প্রকল্পের চুড়ান্ত পর্যায়ের পর্যবেক্ষন করতে, টাকী গ্রামীণ হাসপাতালে আসেন রাজ্য স্বাস্থ্য দপ্তরের বিশেষ প্রতিনিধিদল। হাসপাতালের চিকিৎসক, নার্স,স্বাস্থ্যকর্মী, রোগী ও রোগী আত্মীয়দের সঙ্গে কথা বলার পাশাপাশি হাসপাতালের পরিষেবা, পরিচ্ছন্নতা, জীবানু নিয়ন্ত্রন,রোগী সহায়তা, বর্জ্য ব্যাবস্থাপন , স্বাস্থ্য সচেতনতা বিধি প্রচার সহ বিভিন্ন বিষয়ের পরিসংখ্যান সম্পন্ন হয়।অবেশেষে চলতি মাসের ১২ তারিখ সুশ্রী (কায়াকল্প)প্রকল্পের এই সমীক্ষার ফলাফল ঘোষনা হয়। সমীক্ষায় প্রথম স্থান অর্জন করে টাকী গ্রামীণ হাসপাতাল। প্রসঙ্গত গত বছরই কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের তরফে এক সমীক্ষা এনকোয়াসেও (ন্যাশেনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স স্ট্যান্ডার্ডস) রাজ্যের মধ্যে প্রথম স্থান পায় এই হাসপাতাল।পরপর দুটি সেরার শিরোপা পেয়ে স্বভাবতই উচ্ছ্বসিত হাসপাতালে চিকিৎসক, নার্স,সহ স্বাস্থ্য কর্মীরা। এই স্বীকৃতি প্রাপ্তির জন্য হাসপাতালের চিকিৎসক, নার্স, ও স্বাস্থ্যকর্মীদের কর্মনিষ্ঠা ও এলাকার মানুষের আন্তরিক সহযোগিতার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ শেখ শাহিন হাসান । তিনি বলেন, যতদিন যাচ্ছে টাকী গ্রামীণ হাসপাতালে ততই বাড়ছে রোগীর সংখ্যা। রোগীদের পরিষেবা দেওয়ার জন্য চালুকরা হয়েছে বিভিন্ন ওপিডি,বাড়ানো হয়েছে চিকিৎসকের সংখ্যাও।জানা গেছে। কায়াকল্প প্রকল্পে সেরা র স্বীকৃতির দরুন পনেরো লক্ষ টাকা ও ইকো ফ্রেন্ডলি বিভাগে যুগ্ম ভাবে প্রথম স্থানের স্বীকৃতি স্বরূপ আড়াই লক্ষ টাকা আর্থিক পুরস্কার পাবে টাকী হাসপাতাল। ব্লক স্বাস্থ্য আধিকারিক জানান খুব শীঘ্রই বসিরহাট দক্ষিনের বিধায়ক ডাঃ সপ্তর্ষি ব্যানার্জীর সহযোগিতায় টাকী হাসপাতালে চোখের অস্ত্রোপোচার শুরু হতে চলেছে, পাশাপাশি শীঘ্রই সিজারিয়ান ডেলিভারি ইউনিটও শুরু হবে বলে জানান তিনি।

শুভেন্দুর বিরুদ্ধে তদন্ত চালিয়ে যেতে পারবে রাজ্য পুলিশ ঃ হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ মে ঃ রাজ্যের বিরোধী দলনেতা ও বিজেপি নেতা শুভেন্দু অধিকারীর কনভয়ের একটি গাড়ির ধাক্কায় মৃত্যুর ঘটনার তদন্ত চালিয়ে যেতে পারবে রাজ্য পুলিশ। বুধবার এমনটাই জানাল কলকাতা হাইকোর্ট। এদিন বিচারপতি রাজাশেখর মান্থা জানান, ওই ঘটনার তদন্ত চালিয়ে যেতে পারবে পুলিশ। আদালতের অনুমতি ছাড়া চূড়ান্ত রিপোর্ট জমা দেওয়া যাবে না। কনভয়ের নিরাপত্তার দায়িত্বে থাকা সিআরপিএফ কর্মীদের বিরুদ্ধে কোনও কড়া পদক্ষেপ করা যাবে না। ১৩ জুন এই মামলার পরবর্তী শুনানি হবে। প্রসঙ্গত, চণ্ডীপুরে শুভেন্দু অধিকারীর কনভয়ের একটি গাড়ির ধাক্কায. মৃত্যু হয. এক ব্যক্তির। শুভেন্দু অধিকারীর কনভযের ধাক্কায.মৃত্যু হযেছে এই অভিযোগ তুলে থানায.অভিযোগ

কনভয় দুর্ঘটনায়



দাযের করা হয়। ওই ঘটনায. শুভেন্দুর কনভয়ের ওই গাড়ির চালককে গ্রেফতার করে পুলিশ। এদিকে এই ঘটনায় সরব হয় তৃণমূল। শুভেন্দুর গ্রেফতারির দাবি করা হয়। তৃণমূলের তরফে আর্থিক সাহায্য করা হয় মৃতের পরিবারকে। এই নিয়ে একটি মামলাও হয় হাইকোর্টে। বিচারপতি রাজাশেখর মান্থার এজলাসে রাজ্যের বিরোধী দলনেতার বিরুদ্ধে এফআইআরে স্থগিতাদেশ এবং সিবিআই তদন্তের আর্জি জানান তাঁর আইনজীবী।

বিভিন্ন ওয়ার্ডে পরিদর্শনে হাওড়া পুর আধিকারিকদের

দুরন্ত বার্তা, হাওড়া, ১৭ মে ঃ ডিসেলটিং এর কাজ খতিয়ে দেখতে শহরের কয়েকটি ওয়ার্ডে বুধবার সকালে পরিদর্শন করেন হাওড়ার পুর আধিকারিকরা। হাওড়া পৌরনিগমের মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্ত্তী, পুর কমিশনার ধবল জৈন, জঞ্জাল দপ্তর ও নর্দমা (ড্রেন) দপ্তরের বিভাগীয় প্রযুক্তিবিদ আধিকারিকরা ৮, ৯ ও ৫০ সহ মোট চারটি ওয়ার্ডের নিকাশি পরিস্থিতি পরিদর্শন করেন। ফি বছর হাওড়া পুর এলাকার বেশ কয়েকটি ওয়ার্ড বৃষ্টিতে জলমগ্ন হয়ে পড়ে। ৫০টি ওয়ার্ডের মধ্যে বেশ কিছু ওয়ার্ডে জল দাঁড়িয়ে যায়। সমস্যায় পড়েন শহরবাসী। এই জল যন্ত্রণা থেকে মুক্তি পেতেই হাওড়া পুরসভা এই বছর বর্ষার আগেই বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। এদিন সকালে হাওড়া পুরসভার প্রশাসকমন্ডলীর চেয়ারম্যান ডাঃ সুজয় চক্রবর্তী ও প্রশাসক মন্ডলীর সদস্য বাপি মান্নার নেতৃত্বে পুরসভার ইঞ্জিনিয়াররা, ৭, ৮, ৯ এবং ৫০ নম্বর ওয়ার্ডের নিকাশি নালাগুলি ঘুরে দেখেন। ওই এলাকার নালাগুলি থেকে জমা পলি তোলার পাশাপাশি নতুন নালা তৈরির কাজ চলছে। সুজয় চক্রবর্তী জানান, গত বছরের মতো এবারও বর্ষার আগে তারা নর্দমা

থেকে পলি তোলার কাজ শেষ করতে চান। যাতে দ্রুত জল বেরিয়ে যেতে পারে। বর্ষার আগে ভাঙা রাস্তা সারানোর কাজ শেষ করা হবে। সুজয় চক্রবর্তী আরও বলেন, এই বছর বেশ কিছু দিন আগেই ডিসিল্টিংয়ের কাজ শুরু হয়ে গিয়েছে। যেসব এজেন্সি কাজ করছে তারা কতটা কাজ এগিয়েছে, কতটা কাজ এগিয়েছে, কাজ করতে গিয়ে কোন পরিকল্পনা পরিবর্তন করার প্রয়োজন আছে কিনা তা ঘটনাস্থলেই জানার জানার জন্য কনজারভেন্সি দলের প্রত্যেক সদস্য গিয়েছিল। প্রতিদিন আমরা বেরব। এদিন ৪টে ওয়ার্ড দেখা হয়েছে। ৭, ৮, ৯ ও ৫০ নং ওয়ার্ডে এদিন যাওয়া হয়েছিল। এখানে সঙ্গে বোর্ড সদস্য রাইচরণ মান্না ছিলেন। যতক্ষণ ফল না বেড়োচ্ছে ততক্ষণ পর্যন্ত প্রস্তুতির কিছু বলা যায় না। তবে চেষ্টা করা হচ্ছে আগের বছরের মতো বা আগের বছরে যে ভুল ছিল তা থেকে শিক্ষা নিয়ে আরও ভালোভাবে কাজ করা হবে।

সুন্দরবনে মাছের জন্য পাতা ফাঁদে বিশালাকার গোখরো

সৌরভ দাশ, হিঙ্গলগঞ্জ, ১৭ মে ঃ প্রতিদিনের ন্যায় মঙ্গলবার রাতে হিঙ্গলগঞ্জের নেবুখালীতে, খালে মাছ ধরার আটোল পাতেন মৎসজীবি নারায়ন মন্ডল। বুধবার ভোরবেলায় সেই আটোল থেকে মাছ সংগ্রহ করতে গিয়ে চক্ষু চড়কগাছ নারায়ন বাবুর। কি কি মাছ ধরা পরেছে তা দেখতে, আটলের গায়ে হাত দিতেই, তার চোখে পড়ে হাত পাঁচেক লম্বা গোখরো।। সাতসকালে এই সাপ দেখে হতভম্ব হয়ে পরেন ওই মৎস্যজীবি। তার চিৎকারে ছুটে যান আশেপাশের মানুষ। স্থানীয়রা জানান,তরাই একটি লাঠি দিয়ে,আটোলটি তুলে আনেন পাশ্ববর্তী রাস্তার উপর। হাসনাবাদ বেখালী রোড সংলগ্ন স্থানে এই বিশালাকারের সাপ দেখতে সকাল সকাল ভিঁড় জমান পথ চলতি মানুষজন। খবর দেওয়া হয় স্থানীয় থানায়। খবর পেয়ে মিনাখাঁ বনদপ্তরের কর্মীরা এসে বিশালাকারের গোখরোটিকে উদ্ধার করে।

মুক্তি পেয়েছে 'ফাটাফাটি' ছবি

নতুন গোয়েন্দা চরিত্রে প্রত্যাবর্তন অভিনেতা আবীরের

দুরন্ত বর্তা, কলকাতা, ১৭ মে ঃ বাংলা সিনেমার পরিচালকদের কাছে গোয়েন্দা হিসাবে আবীর যে পছন্দের তালিকায় উপরের দিকে তাঁর প্রমাণ আগেও মিলেছে। তবে এ বার আর কোনও বাঙালির আবেগের গোয়েন্দা চরিত্র নয়। মুখে চুরুটের বদলে বন্দুক ও টর্চ হাতে দেখা যাবে আবীরকে এমনটাই জল্পনা! সদ্য মুক্তি পেয়েছে অভিনেতার 'ফাটাফাটি' ছবিটি। এ বার ফের গোয়েন্দা চরিত্রে প্রত্যাবর্তন

অভিনেতার।ব্যোমকেশের পরিবর্তে আবীর চট্টপাধ্যায় নতুন এক গোয়েন্দার চরিত্রে প্রত্যাবর্তন। ব্যোমকেশের চরিত্রে আবীর চট্টোপাধ্যায়, কিংবা হাল আমলের শহুরে সোনাদা সব কটি চরিত্রেই জনপ্রিয়তা পেয়েছেন। তবে এ বার নয়া এক গোয়েন্দার চরিত্রে দেখা যাবে তাঁকে। জনপ্রিয়তায় একসময় এই গোয়েন্দাও কম ছিলেন না। প্রশ্ন হল কোন চরিত্রে প্রকাশিত হচ্ছেন আবির? ব্যোমকেশের চরিত্রে আবীর চট্টোপাধ্যায়, কিংবা হাল আমলের শহুরে সোনাদা সব কটি চরিত্রেই জনপ্রিয়তা পেয়েছেন। তবে এ বার নয়া এক গোয়েন্দার চরিত্রে দেখা যাবে তাঁকে। রহস্য রোমাঞ্চ গল্পের লেখক স্বপনকুমারের 'বাদামী হায়নার কবলে' গল্প অবলম্বনে তৈরি এই ছবিতে দেখা যাবে আবীরকে। চরিত্রের নাম দীপক চট্টোপাধ্যায়। ছবির পরিচালক দেবালয় ভট্টাচার্য। ছবিটি প্রযোজনার দায়িত্বে থাকছে হইচই স্টুডিয়ো। 'ইন্দুবালার ভাতের হোটেল'-এর সাফল্য পর এ বার বড় পর্দায় নিজের গল্প বলবেন পরিচালক।

আপাতত বৃষ্টির সঙ্গে ঝোড়ো হাওয়া বইবে কলকাতা সহ দক্ষিণবঙ্গে

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ মে ঃ বৃষ্টির সৌজন্যে গরম থেকে কিছুটা

হলেও মিলেছে স্বস্তি। এই স্বস্তির আবহাওয়া বজায় থাকবে আগামী কিছু দিন। এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আগামী শনিবার পর্যন্ত কলকাতাসহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে, বুধবার সকালেও রোদের দাপট ও গরম অনুভূত হয়েছে কলকাতা ও লাগোয়া জেলাগুলিতে। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী শনিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সঙ্গে ঝোড়ো হাওয়া বইতে পারে। এর মধ্যে বৃহস্পতিবার ঝোড়ো হাওয়ার দাপট বাড়তে পারে দক্ষিণবঙ্গের সব জেলাতেই। সে দিন ৫০-৬০ কিলোমিটার বেগে ঝড়ের পূর্বাভাস রয়েছে। জারি করা হয়েছে কমলা সতর্কতা। উত্তরবঙ্গেও রয়েছে বৃষ্টির পূর্বাভাস।গত সোমবার বিকেলের ঝড়ে লন্ডভন্ড হয়েছিল কলকাতা থেকে শুরু করে রাজ্যের বিভিন্ন জেলা। যার ফলে গরমের থেকে কিছুটা রেহাই মিলেছে। রাতে এসিও ছাড়তে হয়নি শহরবাসীকে। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, মঙ্গলবার শহরের সর্বনিম্ন তাপমাত্রার পারদ স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রি নীচে নেমেছে। এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.১ ডিগ্রি সেলসিয়াস। আজও মহানগরীর আকাশ আংশিক মেঘলা থাকবে।

চিংড়িঘাটা ক্রসিং-এ পিয়ার৩১৮ নির্মাণের অনুমতি প্রাপ্ত

কলকাতা, ১৭ মে ঃ সব মেট্রো যাত্রীদের জন্য সুখবর! রাজারহাট মেট্রো প্রকল্পের মাধ্যমে কবি সুভাষ থেকে বিমানবন্দর পর্যন্ত পিয়ার নং ৩১৮ নির্মাণের জন্য চিংরিঘাটা ক্রসিং (কলকাতার ব্যস্ততম ক্রসিংগুলির মধ্যে একটি) দীর্ঘ প্রতীক্ষিত ট্র্যাফিক ব্লকের অনুমতি আজ ১৭.০৫.২০২৩ তারিখে পুলিশের ডেপুটি কমিশনার, ট্রাফিক কর্তৃক দেওয়া হয়েছে। বিভাগ, কলকাতা থেকে রেল বিকাশ নিগম লিমিটেড। এই অনুমতি দেওয়ার আগে, এই ক্রসিংয়ে ট্রাফিক নিয়ন্ত্রণের কঠোর পরীক্ষা চালানো হয়েছিল। সর্বশেষ ট্রায়াল রান ১৩.০৫.২০২৩ থেকে ১৬.০৫.২০২৩ পর্যন্ত পরিচালিত হয়েছিল। সব মানদণ্ড বিবেচনা করে আজ এই পিয়ার নির্মাণের অনুমতি দেওয়া হয়েছে। উল্লেখ্য যে শ্রী পি. উদয় কুমার রেড্ডি, মহাব্যবস্থাপক, মেট্রো রেলওয়ে ১৩.০৫.২০২৩ তারিখে (গত শনিবার) পরিস্থিতি নিণয. করতে এই স্থানটি পরিদর্শন করেছিলেন। তিনি RVNL-এর সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন নির্ধারিত সময়সীমার মধ্যে এই পিয়ারের নির্মাণ কাজ শেষ করতে। RVNL চিংরিঘাটা ক্রসিং-এ এই কাজটি সম্পাদন করার সময় সমস্ত সম্ভাব্য নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করবে। এই অনুমতির সাথে, একটি বড় হোঁচট যা এই প্রকল্পটি বিলম্বিত করেছিল তা সরানো হয়েছে।

রবিবার সিভিল সার্ভিস পরীক্ষা, মেট্রোর সময় সূচিতে রদবদল

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ মে ঃ আগামী রবিবার পশ্চিমবঙ্গ সিভিল

সার্ভিস পরীক্ষার জন্য অতিরিক্ত মেট্রো চালানোর সিদ্ধান্ত নিল মেট্রো রেল কর্তৃপক্ষ। প্রতি রবিবার কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর রুটে ১৩০ টি মেট্রো চলে। তবে সংশ্লিষ্ট ওই দিনটিতে চলবে ১৪৬টি। অন্যান্য দিনের তুলনায় দু'ঘণ্টা আগে থেকেই চালু হয়ে যাবে পরিষেবা। মেট্রো রেল সূত্রে খবর, অন্যান্য দিন রবিবারগুলিতে সকাল ৯টায় কবি সুভাষ ও দক্ষিণেশ্বর থেকে প্রথম মেট্রো চালু হয়। তবে আগামী রবিবার সকাল সাতটা থেকেই চালু হয়ে যাবে মেট্রো। পরীক্ষার্থীদের সুবিধার জন্যই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে শেষ পরিষেবার কোনও পরিবর্তন নেই। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেন, ২৮ মে রবিবার সিভিল সার্ভিস পরীক্ষা হবে। এই জন্য মেট্রো রেল কর্তৃপক্ষ একটি সিদ্ধান্ত নিয়েছে। সেই সিদ্ধান্ত অনুযায়ী পাওয়ার ব্লকের যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল সেটি আপাতত বাতিল করা হয়েছে। ওইদিন অর্থাৎ রবিবার আমরা ১৪৬ ট্রেন চালাচ্ছি। যেটা সাধারণত আমরা ১৩০টি ট্রেন চালিয়ে থাকি। প্রথম ট্রেন চালু হবে কবি সুভাষ ও দক্ষিণেশ্বর থেকে সকাল সাতটায়। এটা সাধারণত রবিবার দিন সকাল ন'টায় চালু হয়। তবে শেষ ট্রেনটি রাত্রি ৯টা ২৭ মিনিটে কবি সুভাষ এবং দক্ষিণেশ্বরে থাকছে।

দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুরে স্ত্রী ও পুত্রের হাতে খুন স্বামী , গ্রেফতার তিন

দুরন্ত বার্তা, নরেন্দ্রপুর, ১৭ মে ঃ স্ত্রী ও ছেলেদের মারে মৃত্যু হল এক ব্যক্তির। বুধবার সকালে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার নরেন্দ্রপুর থানা এলাকার খুদিরাবাদে । মৃতের নাম শেখ গুলাম মহম্মদ(৫৪) । তার দেহ উদ্ধার করেছে পুলিশ। এই ঘটনায় গ্রেফতার করা হয়েছে মৃতের স্ত্রী রসিদা বিবি সহ তার দুই ছেলে শেখ সাবির মহম্মদ ও শেখ সাহিল মহম্মদকে। তাদের বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধির ৩০৪ ধারায় অনিচ্ছাক।ত খুনের মামলা রুজু করেছে নরেন্দ্রপুর থানার পুলিশ। ধৃত তিনজনকেই বুধবার বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হয়েছে। অন্যদিকে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। পুলিশ সূত্রের খবর, কসবা বোসপুকুরের বাসিন্দা শেখ গুলাম মহম্মদ। নরেন্দ্রপুর থানা এলাকার

খুদিরাবাদে কয়েকবছর আগে তারা জায়গা কিনে বাড়ি তৈরি করে বসবাস শুরু করেন। সম্প্রতি সংসারে আর্থিক অনটন চলছিল । সেইকারণে তাদের মধ্যে চরম অশান্তি চলছিল কয়েকদিন ধরেই। গতকালও এই পরিবারের মধ্যে তুমুল ঝগড়াঝাটি হয় বলে প্রতিবেশী ও পুলিশ সূত্রে জানা গিয়েছে। তখনই স্ত্রী ও দুই ছেলের সাথে হাতাহাতিতে জড়িয়ে পড়েন শেখ গুলাম মহম্মদ । তার জেরেই ম।ত্যু হয় গুলামের। প্রতিবেশীদের অভিযোগ ঘটনার পর বাথরুমে পড়ে ম।ত্যু হয়েছে বলে জানানো হয় পরিবারের পক্ষ থেকে। মৃতের মেজভাই শেখ গোলাম হোসেন এই ঘটনায় দ।ষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন । ম।তের মা আনোয়ারা বিবি জানিয়েছেন স্বামী ও স্ত্রীর মধ্যে দীর্ঘদিন ধরেই অশান্তি চলছিল । স্ত্রীর উসকানিতে দুই ছেলে মিলে বাবাকে মারধোর করত বলে তার অভিযোগ। তার ছেলের খুনের ঘটনায় কেউ যাতে ছাড়া না পায় তার দাবী জানিয়েছেন তিনি।

অগ্নিকান্ডে ভস্মীভূত তিনটি পরিবারের সমস্ত কিছু

অভিজিৎ হাজরা,আমতা ঃ গ্রামীণ হাওড়া জেলার আমতা বিধান সভা তথা আমতা ২ নং ব্লকের জয়পুর থানার জয়পুর গ্রাম পঞ্চায়েতের পশ্চিম জয়পুরের পশ্চিমপাড়ার ১৮১৫৪ নং বুথের বাসিন্দা জয়পুর হাসপাতালের কাছে সুনীল ভুঁইয়া-র বাড়িতে আগুন লাগে। বাড়িটি ৪ কামরার দোতলা টিনের চাল। কাঠের পাটাতন ও টিনের চালের নীচে প্লাউডের আচ্ছাদন। বাড়ির বয়স্ক ব্যক্তি মাঝরাতে বাথরুম করার জন্য ঘর থেকে বাড়ির বারান্দায় বেরিয়ে দেখেন,নীচের ঘর দাউদাউ করে জ্বলছে। তিনি চিৎকার করলে ওনার স্ত্রী উঠে পাশের ঘরে থাকা এক ছেলে ও বৌমাকে ডাকেন। তারা উঠে এসে চিৎকার করলে

পাশের বাড়ির লোকজন ছুটে আসেন। তারা আগুন নেভানোর চেষ্টা করেন। আগুনের তীব্রতা দেখে তারা স্থানীয় জয়পুর থানায় ও উলুবেড়িয়ার দমকল কেন্দ্রে ফোন করেন। জয়পুর থানার প্রশাসনবৃন্দ ও উলুবেড়িয়ার দমকল বাহিনী যখন ঘটনা স্থলে আসেন ততক্ষণে সব কিছু পুড়ে ছাই হয়ে যায়। সূত্র মারফত জানা যায়, সন্ধ্যায় প্রবল ঝড় বৃষ্টি হওয়ার কারণে বিদ্যুৎ চলে গিয়েছিল। ব্রজ্যপাত হওয়ার জন্য বাড়ির লোকজন সমস্ত বৈদ্যুতিক সুইচ অফ করলেও ভুলে হয়তো কোন বৈদ্যুতিক সুইচ অফ করেন নি। তা থেকে শট সার্কিট হয়ে আগুন লেগে থাকতে পারে বলে অনুমান করা হয়। ঘরে থাকা রান্নার সিলিন্ডার ব্লাস্ট করার ফলে ইঁটের দেওয়াল ও লোহার গ্রীল ছেড়ে নিচে পড়ে। ফলে আহত হন বাড়ির কর্তা ও এক মহিলা। এই অগ্নীকান্ডে তিনটি পরিবার সম্পুর্ণ ক্ষতিগ্রস্ত হয়। ঘটনা স্থল পরিদর্শন করে প্রশাসনিক ব্যক্তিরা ক্ষতিগ্রস্ত পরিবার গুলির পাশে থাকার ও তার পাশাপাশি সমস্ত রকম সহযোগিতার আশ্বাসও দেন।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ১৬৭ সংখ্যা, বৃহস্পতিবার, ৩ জ্যৈষ্ঠ ১৪৩০

সাজানো হোক নিরাপত্তা পরিষদকে

সম্পাদকীয় ১

ভারত সহ বেশ কয়েকটি রাষ্ট্র চেয়েছে রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদকে ঢেলে সাজানো হোক। একই সুরে বললেন রাষ্ট্রপঞ্জের জেনারেল অ্যাসেম্বলির সভাপতি চাবা কোরোশি। তিনি বলেছেন রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদ একেবারে অকেজো। তার কোনও জোর নেই। রাষ্ট্রপুঞ্জকে শক্তিশালী করতে গেলে নিরাপত্তা পরিষদকে একেবারে ঢেলে সাজানোর ব্যবস্থা করা হোক। তাহলে কিন্তু রাষ্ট্রপুঞ্জ বেঁচে যেতে পারে। না হলে কিন্তু লিগ অব নেশনের মতো অবস্থা হবে। নিরাপত্তা পরিষদের কোনও সদস্য কারোর কোনও কথা শুনছে না। তারা নিজেদের খেয়াল মতো কাজ করে চলেছে। রাষ্ট্রপুঞ্জের নিয়মকে মানছে না। রুশ ইউক্রেন যুদ্ধ তার প্রমাণ করে দিয়েছে। রাশিয়া এবং ইউক্রেন কোনও পক্ষ কারোর কথা শুনছে না। যুদ্ধ বন্ধ হচ্ছে না। বারবার চেষ্টা করা হয়েছে যুদ্ধ বন্ধ করতে কিন্তু কিছুতেই যুদ্ধ বন্ধ হচ্ছে না। রাশিয়া আমেরিকার পরোক্ষ যুদ্ধ শুরু হয়ে গিয়েছে। রাশিয়া সরাসরি যুদ্ধে অংশ গ্রহণ করেছে এবং আমেরিকা সরাসরি যুদ্ধে অংশ গ্রহণ না করে পরোক্ষভাবে তারা যুদ্ধে অংশ গ্রহণ করছে। শুধু আমেরিকা একা নয়। তার সঙ্গে যোগ দিয়েছে নেটো বাহিনী। তার ফলে ব্রিটেন, জার্মান, ফ্রান্স এবং কানাডাও যুদ্ধে জড়িয় পড়েছে। এর হাত থেকে রেহাই পেতে গেলে একটি মাত্র উপায় হচ্ছে নিরাপত্তা পরিষদকে একেবারে ঢেলে সাজানো। তিন দিনের সফরে ভারতে এসেছিলেন চাবা কোরোশি। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিদেশ মন্ত্রী এবং পেট্রোললিয়া ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিংহ পুরীর সঙ্গে দেখা করেছেন। রাশিয়া ইউক্রেন যুদ্ধে ভারতের ভূমিকা নিয়ে প্রশংসা করেছেন তিনি। তিনি বলেছেন, কঠিন সময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করেছে ভারত। এদিকে ইউক্রেনকে যুদ্ধ বিমান দেওয়ার ব্যাপারে একেবারে রাজি হচ্ছেন না। আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি বলেছেন, এখনই ইউক্রেনকে যুদ্ধ বিমান দেওয়া সম্ভব হবে না। যুদ্ধ বিমান দিলে কিন্তু রক্তক্ষয়ী যুদ্ধ একেবারে থামানো অসম্ভব হবে। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে রুশ ইউক্রেন যুদ্ধ শুরু হয়েছিল। এক বছর হতে চলল এই যুদ্ধ। রাশিয়াকে মানবাধিকার লঙ্ঘন করার অপরাধে তাকে মানবাধিকার দফতরের সদস্য থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কিন্তু রাশিয়া নিরাপত্তা পরিষদের সদস্য হয়ে বিশ্বের নিরাপত্তা বিঘ্নিত করতে শুরু করেছে। ইউক্রেন এর থেকে বাদ পড়ছে না। আমেরিকাও ইউক্রেনের পক্ষ নিয়ে আরও বেশি অস্ত্র সরবরাহ করতে শুরু করে দিয়েছে। এদিকে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন বলেছেন এখনই ইউক্রেনকে এফ-১৬ যুদ্ধ বিমান পাঠানো হচ্ছে না। এফ-১৬ বিমান ইউক্রেনকে পাঠালে যুদ্ধ আরও বেশি করে ভয়ঙ্কর হয়ে উঠতে পারে। যুদ্ধ থামানোর একটা চাপ সহ্য করতে হচ্ছে আমেরিকাকে। রাশিয়াকে যুদ্ধ থামাতে আন্তর্জাতিক চাপ তৈরি করা হচ্ছে। এদিকে জার্মানের চ্যান্সেলর ওলাফ শোলৎজ জানিয়েছেন তারা ইউক্রেনকে যুদ্ধ বিমান পাঠচ্ছে না। এদিকে রাশিয়ার একজন প্রতিনিধি বলেছেন, আমেরিকা মুখে বলছে যুদ্ধ বিমান পাঠাচ্ছে না। কিন্তু কার্যত দেখতে পাওয়া যাচ্ছে যে ইউক্রেন বহু যুদ্ধ বিমান ব্যবহার করতে শুরু করে দিয়েছে। সেই সব যুদ্ধ বিমান কোথা থেকে এলো তার সন্ধান করা উচিত।

যুদ্ধ থামার কোনও ইঙ্গিতই নেই

সম্পাদকীয় ২

রাষ্ট্রপুঞ্জের ভূমিকা নিয়ে এখন প্রশ্ন জাগতে শুরু করে দিয়েছে সবার মুখে। রাষ্ট্রপুঞ্জ কি তার সম্মান বজায় রাখতে পারছে না। যেভবে নিরাপত্তা পরিষদের সদস্য রাশিয়া একতরফাভাবে যুদ্ধ ঘোষণা করে দিল ইউক্রেনের বিরুদ্ধে তাতে রাষ্ট্রপুঞ্জের অধিকার এবং নীতির ওপরে আঘাত হানা হয়েছে। রাষ্ট্রপুণঝ ক্রমশ তার শক্তি হারাতে শুরু করে দিয়েছে। তার হাত থেকে রাষ্ট্রপুঞ্জকে রক্ষা করতে গেলে দরকার নিরাপত্তা পরিষদকে একেবারে ঢেলে সাজানো। নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যরা এখন তাদের রাজনৈতিক এবং অর্থনৈতিক স্বার্থকে বজায় রাখতে রাষ্ট্রপুঞ্জকে ব্যবহার করছে। রাষ্ট্রপুঞ্জ যুদ্ধের পক্ষে নয়। কিন্তু তবুও রাষ্ট্রপুঞ্জ রুশ ইউক্রেন যুদ্ধ থামাতে পারছে না। রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন রাষ্ট্রপুঞ্জের কথা শুনতে নারাজ। তারা মনে করছে তারা যা বলবে তাই সবাইকে শুনে চলতে হবে। ইউক্রেনের জন্য অস্ত্র ভাণ্ডার খুলে দিয়েছে আমেরিকা এবং পশ্চিমী দেশগুলি। তারা ৩২১টি শক্তিশালী ট্যাঙ্ক পাঠাচ্ছে। জার্মান দিচ্ছে লের্পাড-২, আমেরিকার দিচ্ছে এম-১ অ্যাবরামস ট্যাঙ্ক। ব্রিটেন এবং পোল্যাণ্ডও ট্যাঙ্ক পাঠাবে বলে জানিয়েছে। এদিকে ইউক্রেনের উপ বিদেশ মন্ত্রী বলেছেন, স্থলপথে যুদ্ধ করতে পারদর্শী ইউক্রেন সেনারা। কিন্তু কথা হচ্ছে আকাশ পথ ধরে শত্রুকে যদি আক্রমণ না করা যায় তাহলে কিন্তু তাদেরকে একেবারে পরাস্ত করা অসম্ভব। ইউক্রেনকে যুদ্ধ বিমান পাঠালে রাশিয়াও যুদ্ধ বিমান ব্যবহার করতে শুরু করে দেবে। তাহলে কিন্তু বিশাল যুদ্ধ শুরু হয়ে যাবে। গোটা ইউরোপ এবং আমেরিকা এই যুদ্ধের সঙ্গে জড়িয়ে পড়বে। এদিকে যুদ্ধ বিশেষজ্ঞরা বলেছেন যে একসঙ্গে এতগুলো ট্যাঙ্ক পেলে ইউক্রেন অতি সহজেই তাদের দখলীকৃত স্থানগুলিকে উদ্ধার করতে পারবে। ১৯৪০ সালে নাৎসী বাহিনীকে পরাস্ত করতে ব্রিটেন এবং ফরাসি বাহিনী এই সব ট্যাঙ্ক ব্যবহার করেছিল। ইউক্রেনের পক্ষ থেকে বলা হয়েছে তারা কিন্তু রুশ বাহিনীর হাত থেকে জমি উদ্ধার করতে চায়।

ঠাকুর রামকৃষ্ণ কথামৃত



ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, পাপ থেকে মনটাকে দূর করতে হবে। জাগাতে হবে মনের মধ্যে থাকা সৎ শক্তিকে। জাগরিত করতে হবে মানবশক্তি। শুধু নিজেকেই শক্তিধারক বা বাহক করলে চলবে না। সবাইকে শক্তিশালী করার দায়িত্ব গ্রহণ করতে হবে। সবাইকে সুদ্ধাচারে থাকতে হবে। না হলে দেশটা একেবারে পঙ্কিল হয়ে যাবে। শুভ্রতার প্রতীক হতে হবে। জ্ঞান অর্জন করতে হবে। শিক্ষা গ্রহণ করতে হবে। সৎ শিক্ষা গ্রহণ করলে তার একটি মূল্য আছে। জীবন কোনও সময়ে কঠিন হয়ে উঠবে না যদি সেবা ধর্ম পালন করা যায়। সেবাই হচ্ছে পরম ধর্ম। তার মতো আর কোনও ধর্ম নেই। সব ধর্মের সেরা ধর্ম হচ্ছে সেবা। মানব সভ্যতাকে রক্ষা করতে হবে। মানবজাতিকে রক্ষা করতে হবে। দেশকে রক্ষা করার ব্রত গ্রহণ করতে হবে।

১৭৫ বছরের বেথুন স্কুলের মুখ্য কারিগর মদনমোহন তর্কালঙ্কার

রবীন্দ্র কুমার শীল

সম্রাট আকবর রাজসভায় উপস্থিত। সিংহাসনে বসেই তিনি সবার কছে একটি প্রশ্ন রাখলেন। প্রশ্নটি হচ্ছে- জগতে কোন দান মহান? প্রশ্ন শুনে কেউ কেউ বললেন, ধন দান বড়। আবার কেউ কেউ বললেন, সম্পত্তি দান বড়। কিন্তু বীরবল সম্রাটের কাছে গিয়ে বললেন, বিদ্যা দান সবচেয়ে মহান। এর মতো মহান দান আর জগতে নেই। হতে পারে না। সম্রাট এর ব্যাখ্যা চাইলেন কেন বিদ্যাদান সবার মহান। বীরবল তার ব্যাখ্যা দিতে গিয়ে বলেছিলেন, আপনি কন্যা দান করবেন। তা কিন্তু একটি সময়ের জন্য। ধন দান করবেন তা কিন্তু একটি সময়ের জন্য। কৃপা দান করবেন তা কিন্তু একটি বারই। কিন্তু আপনি বিদ্যা দান করবেন তা কিন্তু চিরকাল থেকে যাবে। বিদ্যা গ্রহণ করে একজন নিজেকে মহান করতে পারে। নিজেকে বিদ্যার্জনের দ্বারা মহানে পরিণত করতে পারে। পণ্ডিত হতে পারলে তাকে আর কারোর কাছে ভিক্ষা করতে হবে না। বিদ্যা অর্জন করে সে সবার প্রিয় হতে পারবে। নিজেকে সমাজে প্রতিষ্ঠিত করতে পারবে। বিদ্যাকে গ্রহণ করে সে নিজেকে একজন প্রকৃত পণ্ডিত হিসবে পরিচিত করাতে পারবে। সেই কারণে বিদ্যা দানকে মহান দান বলা উচিত। সম্রাট আকবর বীরবলের কথায় সন্তুষ্ট হয়ে নিজের গলার হীরের হারটা খুলে পরিয়ে দিয়েছিলেন বীরবলের গলায়। এটা গল্প। সত্য কিনা তা জানা যায় না। তবে বীরবলের যেসব গল্প প্রচলিত রয়েছে তার থেকে নেওয়া। বাংলার পণ্ডিত মদনমোহন এই রকম একজন পণ্ডিত ছিলেন যিনি সংস্কৃত কলেজ থেকে বিদ্যা গ্রহণ করে নিজেকে মহান করতে পেরেছিলেন। তিনি নিজেকে যেমন মহান করেছেন আবার তিনি বিদ্যা দান করার জন্য স্কুল প্রতিষ্ঠা থেকে শুরু করে শিশুশিক্ষা বই রচনা করেছিলেন যাতে করে শিশুরা প্রকৃত শিক্ষা গ্রহণ করতে পারে। বিদ্যা দান করতেই তিনি সবচেয়ে বেশি আগ্রহী ছিলেন। ড্রিঙ্কওয়াটার বেথুনের লোক চিনতে ভুল করেননি। তাঁর বাড়িতে যে পণ্ডিতদের জমায়েত হতো সেখান থেকেই মদনমোহন তর্কালঙ্কারকে তিনি দায়িত্ব দিয়েছিলেন কলকাতায় একটি আধুনিক মহিলা স্কুল খোলার ব্যবস্থা করতে। সেটা করেও ছিলেন তাঁর পরিচিতদের সঙ্গে নিয়ে। মদনমোহন তর্কালঙ্কার জন্ম গ্রহণ করেছিলেন ১৮১৭ শকে নদিয়া জেলার অন্তর্গত বিল্বগ্রাম নাম একটি সুপ্রসিদ্ধ গ্রামে। তাঁর পিতার নাম ছিল রামধন চট্টোপাধ্যায়। তিনি কলিকাতা সংস্কৃত কলেজের লিপিকর ছিলেন। তাঁর পাঁচটি সন্তান ছিল। তার মধ্যে দুই পুত্র এবং তিন কন্যা। প্রথম পুত্রের নাম মদনমোহন এবং দ্বিতীয় পুত্রের নাম গোপীমোহন। মদনমোহন সংস্কৃত কলেজে ভর্তি হয়েছিলেন। কিন্তু পেটের রোগে আক্রান্ত হলে তিনি গ্রামে ফিরে যান। গ্রামে বাড়িতে থাকার সময়ে তিনি পণ্ডিতদের কাছ থেকে সংস্কৃত ব্যাকরণ এবং সাহিত্য পাঠ করেন। কিছুদিন বাড়িতে থাকার পর তিনি আবার সংস্কৃত কলেজে এসে ভর্তি হলেন। ১৮২৯ সালে তিনি দ্বিতীয়বার সংস্কৃত কলেজে ভর্তি হন। একই ক্লাসে পড়তেন বিদ্যাসাগর এবং মদনমোহন। মদনমোহনের বয়স ছিল বারো বছর আর বিদ্যাসাগরের বয়স ছিল দশ বছর। দুই বছরের বেশি কম। কবিত্ব শক্তি মদনমোহনের যথেষ্ট ছিল। অসাধারণ কবিতা তিনি রচনা করতে পারতেন। ১৮৪২ সালে তর্কালঙ্কার মহাশয় বিদ্যালয় জীবন সমাপ্ত করেন। বিদ্যালয় ত্যাগ করে তিনি বঙ্গ বিদ্যালয়ের প্রধান পণ্ডিত হয়েছিলেন। বারাসত সরকারি বিদ্যালয়ে প্রথম পণ্ডিত হিসাবে শিক্ষকতা করতে শুরু করেন। তারপরে তিনি কলকাতা ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যাপকের পদ গ্রহণ করেছিলেন। কৃষ্ণনগর কলেজেএ তিনি প্রধান পণ্ডিত ছিলেন। তারপরে বেথুন সাহেবের সঙ্গে তাঁর সাক্ষাৎ। সেই সাক্ষাতের সূত্র ধরে কলকাতায় বেথুন স্কুল স্থাপন। সেই মহিলা বিদ্যালয় ১৭৫ বছরে পদার্পন করলো। তিনি ১৮৪৯ সালে 'শিশু শিক্ষা' গ্রন্থ রচনা করেছিলেন। যার প্রথম ভগ বেথুন সাহেবকে উৎসর্গ করেন- ''মহামহম মান্যবর শ্রীযুক্ত জে, ই, ডি, বীটন ভারবর্ষীয় রাজসমাজসদস্য শিক্ষাসমাজাধিপতি মহাশয়েষু। সমুচিতসম্মানপূর্ব্বক- সুবিনয়-নিবেদনম্‌। অনেকেই অবগত আছেন, প্রথম পাঠোপযোগী পুস্তকের অসদ্ভাবে অস্মদেশীয় শিশুগণের যথানিয়মে স্বদেশ ভাষাশিক্ষা সম্পন্ন হইতেছে না। আমি সেই অসদ্ভাব নিরাকরণ ও বিশেষতঃ বালিকাগণের শিক্ষা সংসাধন করিবার আশয়ে যে পুস্তকপরম্পরা প্রস্তুত করিতে প্রবৃত্ত হইয়াছি, এই কয়েকটি পত্রদ্বারা তাহার প্রাথমিক সূত্রপাত করিলাম।'' বিদ্যা দান করাই ছিল মদনমোহন তর্কালঙ্কারের মুখ্য কাজ। সেই কারণে তিনি যেখানেই গিয়ে উপস্থিত হয়েছেন সেখানেই শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করেছেন। ১২ অক্টোবর ১৮৫০ সালে সরকারের গেজেট অনুসারে মুর্শিদাবদে জজ পণ্ডিত হিসাবে মদনমোহন নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। মুর্শিদাবাদে জজ হয়ে থাকার সময়ে দাতব্য কেন্দ্র এবং অতিথি শালা নির্মাণ করেছিলেন। কান্দিতে তিনি একটি অনাথ মন্দিরও নির্মাণ করেন। মুর্শিদাবাদে গিয়ে উপস্থিত হয়েই তিনি বহরমপুর কলেজ প্রতিষ্ঠা করেন। কলেজ প্রতিষ্ঠা কালে শিক্ষার প্রসারের জন্য জনমত তৈরি করেছিলেন। আবার তিনি বিধবা বিবাহকে সমর্থন করে গণ স্বাক্ষর অভিযান করেন। বিধবা বিবাহ সংক্রান্ত বই পত্র লিখে আন্দোলন তীব্র করে তুলেছিলেন। ১৮৫৬ সালে ২৬ জুলাই বিধবা বিবাহ আইন পাশ হলো। মদনমোহন তর্কালঙ্কার বিধবা বিবাহ দেওয়ার আয়োজন করতে শুরু করেছিলেন। ৭ ডিসেম্বর ১৮৫৬ সালে শ্রীশচন্দ্র ও কালীমাতার বিবাহ হয়েছিল কলকাতর রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে। মদনমোহন তর্কালঙ্কার দুটি কাজের জন্য সমাজচ্যুত হয়েছিলেন। তাঁর প্রথম কাজ ছিল কন্যা দান করা বেথুন স্কুলে এবং দ্বিতীয় কাজ হচ্ছে বিধবা বিবাহের আয়োজন। কলকাতায় থাকার সময়ে ১৮৪৯ সালে ৭ মে 'ক্যালকাটা ফিমেল স্কুল' স্থাপন করার মদনমোহন ছিলেন প্রধান কারিগর। এই স্কুল শুরু করা নিয়ে তাঁকে কম সামাজিক ঝামেলা পোহাতে হয়নি। বলতে গেলে সমাজপতিরা তাঁকেলক্ষ্য করে তীব্র আক্রমণ করতে শুরু করে দিয়েছিল। সেই সময়ে তাঁর পাশে দাঁড়িয়ে ছিলেন মাত্র কয়েকজন বন্ধু। তার মধ্যে ছিলেন মনমোহন, দ্বারকানাথ, বিদ্যাসাগর, বেথুন সাহেব স্বয়ং। এছাড়াও বেশ কয়েকজন উদারচেতা মহিলা থেকে শুরু করে পুরুষরাও অংশ গ্রহণ করেন। বেথুন স্কুল প্রতিষ্ঠাই ছিল তাঁর জীবনের সেরা লড়াই। শিক্ষা প্রসারের জন্য তিনি এগিয়ে এসেছিলেন নির্ভয়ে। সব বাধাকে তিনি অতিক্রম করেন। যা সঠিক তাই তিনি সিদ্ধান্ত গ্রহণ করতে পিছু পা হতে না। মনের মধ্যে তাঁর অসীম সাহস ছিল। ১৮৪৭ সালে তিনি বিদ্যাসাগরের সঙ্গে ছাপাখানা প্রতিষ্ঠা করলেন। তার ফলে সেখান থেকে শুরু করলেন লড়াইয়ের। বিদ্যাসাগর এবং মদনমোহন শিক্ষা প্রসারের জন্য বই প্রকাশ করতে শুরু করলেন। ১৮৪৮ সালে বেথুন সাহেব কলকাতায় এসে উপস্থিত। মদনমোহনের শিক্ষার লড়াইয়ের ক্ষেত্রভূমি আরও প্রসারিত হতে থাকলো। মহিলাদের জন্য আধুনিক শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করতে হবে এই মন্ত্র মদনমোহনের কানে প্রবেশ করে দিলেন বেথুন সাহেব। বেথুন স্কুল প্রতিষ্ঠা করার জন্য এসে উপস্থিত হলেন ডিরোজিও শিষ্যরা। দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, রামগোপাল ঘোষ, প্যারীচাঁদ মিত্র, রামতনু লাহিড়ী প্রমুখ। মদনমোহন বেথুন সাহেবের পাশে থেকে সাহস দিতে থাকেন। এবং তিনি নিজেও উৎসাহী হয়ে 'ক্যালকাটা ফিমেল স্কুল' যাতে প্রতিষ্ঠা লাভ করতে পারে তার আয়োজন করেন। স্কুল প্রতিষ্ঠার দিন বেথুন সাহেব তাঁর ভাষণে বলেছিলেন-''I landed in April 1848, and in April 1849 I opened my scheme in detail to some of the friends by whom I am now surrounded having first secured the promise of the valuable assistance of the lady who is about to take charge of your children.'' এই ''some of the friends'' এর মধ্যে যে মদনমোহন তর্কালঙ্কারও ছিলেন তা অনুমেয়। এ ছাড়া বত্তৃতায় ''lady'' শব্দটি উল্লেখিত হয়েছে তিনি হলেন 'Mrs. Ridsdale' যিনি স্কুলের তত্বাবধায়ক (Superintendent)। পরদিন ৮ মে, ১৮৪৯ সালে 'The Bengal Hurkaru' পত্রিকায় স্কুল উদ্বোধন নিয়ে সংবাদ প্রকাশিত হল - ''The school room is in that quarter of the town called Simlah, and there at seven O'clock yesterday morning were twenty one little Hindoo girls, from six to nine years of age, and members of some of the most respectable families in Calcuta short of the very highest''। বাংলার বিভিন্ন পত্রিকায় মিথ্যা কথা প্রচার করে বলা হয়েছে যে বেথুন টাকার বিনিময়ে ছাত্রী জোগাড় করতেন, কখনও বা ছাত্রী ও শিক্ষিকাদের চারিত্রিক দোষের কথা প্রচার করে স্কুল সম্পর্কে বিভ্রান্তি সৃষ্টি করা হয়েছে। শেষ পর্যন্ত এমন পরিস্থিতি তৈরি হল যে বাধ্য হয়ে বেথুন সাহেব এই সব অপপ্রচারের উত্তর দেবার জন্য মদনমোহনকে অনুরোধ করলেন। মদনমোহন এই প্রত্যুত্তরের জবাব দেওয়ার জন্য 'Friend of India'-র সম্পাদককে একটি পত্র লিখেন। ওই পত্রিকায় ৩ অক্টোবর ১৮৫০ সালে প্রকাশিত হয়েছিল-''We publish with much pleasure, a letter from the native scholar and gentleman, who has cordially cooperated with Mr. Betune in the establishment of his Female School. This effort to import instruction to the daughters of the higher classes in Native Society in Calcutta, and thus to pave the way for the more general introduction of Female Education in the country, is deserving of the highest commendation, independently of the noble pecuniary sacrifices with Betune has made in the cause.'' স্ত্রী শিক্ষা নিয়ে যখন কুৎসা এবং অপপ্রচার চলতে শুরু করে দিয়েছে তখন 'সর্ব্বশুভকরী' পত্রিকা স্ত্রী শিক্ষা বিরোধী যুক্তিগুলিকে খণ্ডন করতে শুরু করে। এই মহান যোদ্ধা পণ্ডিতের জীবনাবসান হয়েছিল মুর্শিদাবাদেই। তবে তিনি কবে পরলোকগমন করেছিলেন তার সঠিক তারিখ নেই।

(তথ্যসূত্র ঃ মদনমোহন তর্কালঙ্কার স্মারকগ্রন্থ, সম্পাদনায় ডক্টর নির্মল দাস। ভ্রম সংশোধন ঃ গত ১৫ মে প্রকাশিত প্রবন্ধ 'বিধবা বিবাহে ১৭৫ বেথুন স্কুল নির্মাতা দক্ষিণারঞ্জন' প্রবন্ধে ১৮৫১ সালে সিপাহী বিদ্রোহ লেখা রয়েছে। সালটা হবে ১৮৫৭ সাল। এর জন্য দুঃখিত।)

ভারতের আম কূটনীতি বিদেশি মৈত্রী সম্পর্ক গড়ে

বিশেষ প্রতিনিধি

ভারতের আম কূটনীতি বিদেশি রাষ্ট্রের সঙ্গে মৈত্রী সম্পর্ক তৈরি করে। বাংলাদেশের ইলিশ মাছ যেমন মৈত্রী সম্পর্ক তৈরি করে বিভিন্ন রাষ্ট্রনেতাদের পাঠান শেখ হাসিনা আবার ভারতের প্রধানমন্ত্রী মোদিও বাংলাদেশকে আম পাঠায়। যদি বাংলাদেশের আমের খ্যাতি রয়েছে। তবুই মালদার আমের সুনাম বিশ্বজোড়া। শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী বন্দরনায়েকের কালে ভারত বহুবার শ্রীলঙ্কার সঙ্গে মৈত্রী বজায় রাখতে আম পাঠিয়েছিল। আবার বাংলাদেশেও ইলিশ পাঠায় ভারতে। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের ঢাকাই শাড়ি থেকে শুরু করে ইলিশ মাছও পাঠায় প্রধানমন্ত্রী মোদিকে। আম দিয়ে কূটনীতির সম্পর্ক তৈরি করার প্রথম উদ্যোগ গ্রহণ করেছিলেন ভারতে প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জহওরলাল নেহরু। তিনি আম দিয়ে চিনের সঙ্গে মৈত্রী স্থাপন করেছিলেন। কিন্তু দেখতে পাওয়া গিয়েছে যে আম কূটনীতি সাফল্য পায়নি। আম মিষ্টি ফল হলেও তা সময়ে সময়ে তেতোতে পরিণত হতে পারে তা জানা ছিল না পণ্ডিত নেহরুর। সম্প্রতি চিনে সংক্রান্ত ফাইল থেকে এই তথ্য পাওয়া গিয়েছে। দক্ষিণ চিনের সামান্য কিছু অংশ বাদ দিলে আম কী জিনিস ত জানতো চিনের জনগণ। চিনকে আম সম্পর্কে জ্ঞাত করতেই উদ্যোগী হয়েছিলেন নেহরু। ১৯৬০ সালে চিন ভারত থেকে আম উপহার হিসাবে পেয়েছিল। শুধু ফল নয়, ধারাবাহিকভাবে আম গাছের চারা দেওয়া হয়েছিল চিনকে। চিন সেই সব আমের গাছ লাগিয়ে আজকে প্রচুর আম ফলন ফলাতে শুরু করে দিয়েছে। চিন দেশেও আম জনপ্রিয়তা লাভ করেছে। ১৯৬১ সাল পর্যন্ত আম চিনের সঙ্গে মৈত্রী বজায় রাখতে আমকে উপাহার দেওার ব্যাপারে গ্রহণ করা হয়েছিল। তারপরই চিনের সঙ্গে ভারতের যুদ্ধ লেগে যায়। আমের স্বাদ তেতোতে পরিণত হতে থাকে। পরে আম উপাহার হিসাবে চিনকে দিতে প্রায় পঞ্চাশ বছর অপেক্ষা করে থাকতে হয়। ২০০৩ সালে চিনের সঙ্গে আবার ব্যবসা বাণিজ্য হওয়ার সম্ভাবনা দেখা দিল। চিনের সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক তৈরি করতে প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী উদ্যোগী হন। ভারত থেকে আম চিনে গিয়েছিল পঞ্চাশ দীর্ঘ বছর বাদে। কিন্তু সেই মৈত্রী এবারেও টিকে থাকছে না। বিদেশ মন্ত্রী জয়শঙ্কর বলেছেন, আম কেন চিনের সঙ্গে দ্বিপাক্ষিত সম্পর্ক গড়ে তোলাই কঠিন হয়ে দাঁড়িয়েছে। প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর চিন সেনারা লাদাখে ঘাঁটি গেড়ে বসে রয়েছে। পরিস্থিতি সংঘাতপূর্ণ। আমের মিষ্টাতা একেবারে বেমানান। চিনের সঙ্গে এই রকম সম্পর্ক ছিল না। ১৯৫৫ সাল থেকে চিনের সঙ্গে ভারতের মৈত্রী সম্পর্ক ক্রমশ বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছিল। ১৯৫৪ সালে চিনের প্রধানমন্ত্রী চো এন লাই ভারত সফর শুরু করেছিলেন। তিনি উপাহর হিসাবে নিয়ে এসেছিলেন বলগা হরিণ, গোল্ডফিশ, বিভিন্ন প্রজাতির পাখি। চিনের উপহার গ্রহণ করে এবং সিদ্ধান্ত নেওয়া হয়েছিল চিন দেশে আম এবং আম গাছের চারা পাঠানো হবে। সঙ্গে যাবে সাংস্কৃতিক প্রতিনিধি দলও। ১৯৫৫ সালের জুন মাসে মালদা থেকে উৎকৃষ্ট আম চিন দেশে পাড়ি দিল। দশেরা, চৌসা, ল্যাংড়া, আলফান্সো গাছের চারা চিন দেশে পাঠানো হল। চিন এটাই আশা করেছিল। তারা এখন চিন দেশে এই সব প্রজাতির আমের ফলন শুরু করে দিয়েছে। হংকং হয়ে আম চিন দেশে গিয়ে উপস্থিথ হয়েছিল। চিন দেশের বাজারেও এখন আম পাওয়া যায়। ১৯৬২ সালে ভারত চিন যুদ্ধ শুরু হলে চিনের সঙ্গে বন্ধুত্ব গড়ে তোলে পাকিস্তান। ১৯৬৮ সালে পাকিস্তানের বিদেশ মন্ত্রী মিঞা আর্শাদ হুসেন চিন দেশে পাঠিয়েছিলেন অঢেল আম। চিনের চেয়ারম্যান আম নিয়ে প্রশংসা করেছিলেন। আম দিয়ে পাকিস্তান চিনের সঙ্গে মৈত্রী স্থাপন করে ফেলল আর ভারত আম পাঠিয়ে অতিরিক্ত সৌজন্যতা দেখাতে গিয়ে চিনের সঙ্গে যুদ্ধে লিপ্ত হল। রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনকে উপাহর হিসাবে আম পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে ভারত। ভারতের আম বিদেশি মুদ্রা আনতে সাহায্য করে। আন্তর্জাতিক বাজারে ভারতীয় আমের খুব খ্যাতি রয়েছে। চিনের সঙ্গে আম কূটনীতি সফল হয়নি। চিন আম কূটনীতিকে অগ্রাহ্য করে ভারতের সঙ্গে তৃক্ততা ক্রমশ বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে। ভারতের বিদেশমন্ত্রী জয়শঙ্কর বলেছেন এবারে খাতায় কলমে সীমান্ত সমস্যা সমাধান করলে চলবে না। প্রকৃতভাবে চিনকে সীমান্ত ছেড়ে তাদের নির্দিষ্ট স্থানে ফিরে যেতে হবে। সীমান্ত উত্তেজনাকে প্রশমিত করতে এগিয়ে আসতে হবে। চিন কতখানি মৈত্রী কূটনীতি বজায় রাখবে সেটা নির্ভর করছে চিনের সীমান্ত নীতির ওপরে। চিনের বিদেশ মন্ত্রী সীমান্ত সমস্যার সমাধান করতে আগ্রহী হলেও কার্যত দেখতে পাওয়া যাচ্ছে যে চিন সীমান্ত এলাকায় সেনার সংখ্যা বৃদ্ধি করতে শুরু করে দিয়েছে। এর পিছনে পাকিস্তানের আইএসআই এর মদত রয়েছে বলে ভারত মনে করে। চিনকে তারা উস্কানি দিতে শুরু করেছে।

হেরিটেজ দক্ষিণেশ্বরের আদ্যাপীঠ মন্দির

দক্ষিণেশ্বরের মা ভবতারিনী মন্দিরের পাশাপাশি রয়েছে আদ্যাপীঠের মন্দির। এখানে মায়ের সঙ্গে রাধাকৃষ্ণ এবং ঠাকুর রামকৃষ্ণ ও মা সারদা দেবীর পুজো করা হয়ে থাকে। মা কালী হচ্ছেন শক্তির রূপ। আর রাধাকৃষ্ণ হচ্ছেন প্রেম রূপ। শক্তি এবং প্রেমের মধ্যে সমন্বয় গড়ে তুলতে এখানে কালীর সঙ্গে রাধাকৃষ্ণকে স্থান দেওয়া হয়েছে। রয়েছে শিব ঠাকুর। শিব হচ্ছেন ত্যাগের প্রতীক। শিব হচ্ছেন ভারতীয় দর্শনের আর একটি প্রধান রূপ। ভারতের জাতীয় পতাকায় গেরুয়া রং রয়েছে। এটা হচ্ছে ত্যাগের প্রতীক। ভারতবাসীরা ত্যাগকে জীবনের একটি পরম অংশ বলে মনে করে। সেই কারণে আদ্যাপীঠে মা কালীর সঙ্গে ত্যাগী শিবের পুজো করা হয়। রানী রাসমনি যখন দক্ষিণেশ্বরে মা ভবতারিনীর মন্দির প্রতিষ্ঠা করলেন। তারপরে আদ্যাপীঠ প্রতিষ্ঠিত হয়েছিল।



দক্ষিণেশ্বরে মা ভবতারিনীকে জগদ্ধাত্রী রূপে পুজা দেওয়া হয়। দক্ষিণেশ্বরের মা বহু রূপ ধারিনী। তিনি একটি রূপে অবস্থান করেন না। মা এসেছেন বহু মধ্যে এক হয়ে লীন হয়ে যাওয়া রূপ নিয়ে। সেই কারণে তিনি ভবতারিনী রূপ নিয়ে দক্ষিণেশ্বরের প্রতিষ্ঠিত হলেও তিনি আসলে মায়ের বহু রূপ ধারিনী। তিনি সব পুজা গ্রহণ করে থাকেন। তিনি একদিকে মা ভবতারিনী, আবার তিনি অন্য রূপে মা দুর্গা। তিনি আবার মা মহাকালী পাশাপাশি তিনি আবার জগদ্ধাত্রী। তিনি সব রূপ ধারন করে ভক্তদের পুজো গ্রহণ করে থাকেন। আদ্যাপীঠে একইভাবে মায়ের পুজো হয়ে থাকে। কিন্তু মা এক এবং অদ্বিতীয়। তিনি ভিন্ন নন। তিনি ভিন্ন রূপ গ্রহণ করে তাঁর সন্তানদের কাছে নিজেকে প্রকাশ করেন মাত্র। যত মত তত পথ। ঠাকুর রামকৃষ্ণদেব যে কথা বলে দিয়ে গিয়েছিলেন তার ওপরে ভিত্তি করে মা সব ধর্মের মতকে নিজেকে প্রকাশ করেন। কাউকে তিনি অবহেলা করেন না। সবাইকে তিনি গ্রহণ করেন। মা হচ্ছে সকলের মা। তিনি যেমন একদিকে জগৎকে ধরে রেখেছেন আবার তিনি শত্রু বিনাশকারানী তিনি আবার শান্তিকামনাকারী।

শিলিগুড়িতে সেনার গাড়িতে বিস্ফোরণ, আহত ৪

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ মে ঃ শিলিগুড়ির আশ্রমপাড়া এলাকায় সেনাবাহিনীর গাড়িতে এসি রিফিলিংয়ের সময় বিস্ফোরণ। বুধবার দুপুরে

ঘটনাটি ঘটেছে। বিস্ফোরণের জেরে গুরুতর আহত হয়েছেন চারজন। তাঁদের মধ্যে একজন সেনা ও তিনজন গ্যারাজকর্মী রয়েছেন। একজন গ্যারাজকর্মীর অবস্থা আশঙ্কাজনক। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন এসি রিফিলিংয়ের জন্য সেনাবাহিনীর একটি গাড়ি আশ্রমপাড়ায় নিয়ে এসেছিলেন এক সেনাকর্মী। এসি রিফিলিংয়ের সময় আচমকাই গাড়িতে বিস্ফোরণ হয়। ছিটকে পড়েন গ্যারাজকর্মীরা। বিস্ফোরণে গুরুতর জখম হন সেনাকর্মী সহ চারজন। তাঁদের উদ্ধার করে চিকিৎসার জন্য শিলিগুড়ি জেলা হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনাস্থলে পৌঁছেছেন পুলিশ ও সেনার আধিকারিকরা। বিস্ফোরণের কারণ খতিয়ে দেখা হচ্ছে।

পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে মহিলা তৃণমূল কংগ্রেসের পূর্ণাঙ্গ ব্লক কমিটি গঠন

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ১৭ মে ঃ পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে মহিলা তৃণমূল কংগ্রেসের পূর্ণাঙ্গ ব্লক কমিটি ঘোষনা সহ সাংগঠনিক

কর্মী বৈঠকের আয়োজন করা হলো ইটাহারে। এদিন ইটাহার বিধানসভার বিধায়ক মোশারফ হুসেনের নির্দেশে ও ইটাহার ব্লক মহিলা তৃণমূল কংগ্রেস কমিটির উদ্যোগে এই সাংগঠনিক কর্মী বৈঠকের আয়োজন করা হয় ইটাহার পথসাথী প্রাঙ্গণের সভাকক্ষে। মূলতঃ, রাজ্য ও জেলা তৃণমূল কংগ্রেসের নির্দেশে এদিন ইটাহার ব্লক মহিলা তৃণমূল কংগ্রেসের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন বিধায়ক মোশারফ হুসেন। পাশাপাশি আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে পাখির চোখ করে ইটাহার ব্লক মহিলা তৃণমূল কংগ্রেস সংগঠনকে আরো শক্তিশালী করতে নবনিযুক্ত ইটাহার ব্লক ও অঞ্চল তৃণমূল কংগ্রেসের মহিলা নেত্রীদের নিয়ে দলীয় রণকৌশল ঠিক করতে এদিনের এই সাংগঠনিক বৈঠক বলে জানা যায়। একই সাথে জেলা মহিলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী চৈতালি ঘোষ সাহার উপস্থিতিতে এদিনের বৈঠকের মধ্য দিয়ে মহিলা নেত্রীদের সংগঠনকে মজবুত করতে বিভিন্ন নির্দেশিকা সম্পর্কে অবগত করেন বিধায়ক মোশারফ হুসেন। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, বিধায়ক মোশারফ হোসেন, মহিলা তৃণমূল কংগ্রেসের জেলা সভানেত্রী চৈতালী ঘোষ সাহা, ব্লক মহিলা তৃণমূল সভানেত্রী পূজা দাস, ব্লক তৃণমূল সভাপতি যোগেন্দ্র নাথ রায়, সহ-সভাপতি কার্তিক চন্দ্র দাস, রীনা সরকার সহ ব্লক ও অঞ্চলের অন্যান্য মহিলা নেতৃত্বরা।

এমজেএন মেডিকেল হাসপাতালের মাতৃমা বিভাগে মকড্রিল দমকলের

দুরন্ত বার্তা, কোচবিহার, ১৭ মে ঃ কোচবিহারের এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের মাতৃমা বিভাগে দমকলের তরফে মকড্রিল করা হয়। বুধবার দমকলের তরফে নার্স, স্বাস্থ্যকর্মী সহ সেখানকার কর্মীদেরই হাতে কলমে আগুন নিয়ন্ত্রণে আনার প্রশিক্ষণ দেওয়া যায়নি, তা ইচ্ছাকৃতভাবেই লাগানো হয়েছিল। প্রথমে সেখানে আগুন জ্বালিয়ে পরে ফায়ার এক্সটিংগুইসার দিয়ে তা নিভিয়ে দেখানো হয়। হাতে- কলমে আগুন নিভিয়েছেন নার্স, স্বাস্থ্যকর্মী, আধিকারিকরাই। তাঁরা জানান, এ ধরনের প্রশিক্ষণ পেয়ে অনেকটাই সুবিধা হল। ভবিষ্যতে কোনও দুর্ঘটনা ঘটলে দমকল পৌঁছানোর আগেই তাঁরা আগুন নেভানোর উদ্যোগ নিতে পারবেন। এদিন নার্স, আধিকারিক ও স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ দেন দমকলের আধিকারিকরা। প্রসঙ্গত, কয়েক বছর আগে মাতৃমায় একটি ইলেকট্রিক প্যানেলে আগুন লেগেছিল।

বিশ্ব থ্যালাসেমিয়া দিবস, কোচবিহার মেডিকেলে বিশেষ সচেতনামূলক অনুষ্ঠান

দুরন্ত বার্তা, কোচবিহার, ১৭ মে ঃ বিশ্ব থ্যালাসেমিয়া দিবস উপলক্ষ্যে এদিন কোচবিহার মেডিকেল কলেজে একটি বিশেষ সচেতনামূলক

অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোচবিহার মেডিকেল কলেজের এমএসভিপি রাজিব প্রসাদ, উত্তরবঙ্গ মেডিকেল কলেজের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান পার্থ প্রতিম রায় সহ হাসপাতালের অন্যান্য চিকিৎসকরা। এই বিশেষ অনুষ্ঠানের মধ্য দিয়ে এই দিন অনুষ্ঠানের উপস্থিত মানুষদের থ্যালাসেমিয়া সম্বন্ধে সচেতন করা হয়। কিভাবে সচেতন থেকে থ্যালাসেমিয়া এড়ানো সম্ভব। সমস্ত বিষয়ে অবগত করানো হয় উপস্থিত সকলকে।

সময়ের সঙ্গে পাল্লা দিতে না পেরে টোটোর ভিড়ে আজ আরও ব্রাত্য রিক্সা

দুরন্ত বার্তা, দক্ষিণ দিনাজপুর, ১৭ মে ঃ বেশ কয়েকবছর আগে রাস্তায় দেখা যেত সারিবদ্ধ হয়ে কয়েকশো রিক্সা দাঁড়িয়ে আছে। কিন্তু আজ সেই রিক্সার সারি দেখা যায় না। সবটাই হাতেগোনা হয়ে দাঁড়িয়েছে। আর যে কয়েকটা রিক্সা রয়েছে তাঁর চালকদের সংসার চালানো ভীষণ কষ্টকর হয়ে পড়েছে। এসব কিছুর পিছনে রয়েছে আধুনিক যান টোটো। বাজারে আসার পর থেকে হু হু করে প্রচুর টোটো বিক্রি হয়েছে। অধিক মুনাফা লাভের আশায় অধিকাংশ চালকরা তাঁদের রিক্সা বিক্রি করে টোটো কিনেছে। আর তাতে বাধ সেধেছে রিক্সা চালকদের রুজি রোজগারে। উপযুক্ত রোজগার না হওয়ায় তাঁদের দিন আনা দিন খাওয়া সংসারের লক্ষীর ভাঁড়ে টান পড়েছে। প্রতিদিন সকাল হতেই রাস্তায় বেড়িয়ে পড়েন চালকরা ভাড়ার আশায়। তারপর ভাগ্যক্রমে কোনও ভাড়া জুটলে কিছু কামাই হয়। কপাল ভালো যায় সেদিন, যেদিন গলদঘর্ম হয়ে ছায়াতে বসে বিড়িতে সুখের টান দিয়ে ঠান্ডা মিঠেল হাওয়ায় একটু জিরিয়ে নেন ওঁরা। তারপর সংসারের সমস্যা নিয়ে নানা চিন্তা রোমন্থন করতে থাকে। ভাবে যদি আমারও বেশ কিছু টাকা থাকলে টোটো কিনে সংসারের অভাব অনটন মেটাতাম। কিন্তু হায় ভাগ্যের পরিহাস। এক রিক্সা চালক রতন সরকার বলেন, কী আর করব টোটো হয়ে যাওয়াতে আমাদের ব্যাবসা কমেছে ঠিকই তেমনি ভাড়া পেলে আনন্দের সীমা থাকে না। মাঝে মাঝে ভাবি ঋণ নিয়ে আমিও টোটো কিনবো কিন্তু ভয় পাই যদি ঋণ শোধ করতে না পারি। এই আছি বেশ আছি যতদিন চলে চলুক না। টোটো নিয়ে বিশ্বপ্রীয় সাহা নামে এক সমাজসেবী ও লেখক বলেন, যদি বিচার করে দেখা যায় টোটোতে পরিবেশ দূষন হয় না এবং অনেক যাত্রী একসঙ্গে নেওয়া যায়। সঙ্গে শারীরিক পরিশ্রমও হয় না। আবার মানবিকতার বিচার করলে সত্যি রিক্সা চালকরা আজ ব্রাত্য হয়েছেন। যখন তারা ভাড়া পায় না তখন তাদের করুণ মুখগুলি মনকে ভীষন নাড়া দেয়। আমার মতে সরকার যদি এদের জন্য কোনও বিকল্প ব্যবস্থা করে তা হলে হয়তো এরা বেঁচে যাবে। তবে বলাই বাহুল্য আধুনিক সময়ে টোটোর ভিড়ে রিক্সা ব্রাত্য হয়েছে!

স্ত্রীর অদম্য লড়াই এবং আইসির তৎপরতায় মিথ্যা মামলা থেকে মুক্তি পেল অসহায় দর্জি, সাধুবাদ এলাকাবাসীর

দুরন্ত বার্তা, মালদা, ১৭ মে ঃ নিজের কাজের বকেয়া টাকা চাইতে গিয়ে হেনস্থার শিকার হন এক দর্জি। মারধর করা হয় বলে অভিযোগ ওঠে। থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয় ওই দর্জির পক্ষ থেকে। অন্যদিকে যার বিরুদ্ধে টাকা না দেওয়া এবং মারধরের অভিযোগ ওঠে সেও অভিযোগ দায়ের করে ওই দর্জির নামে। আর সেই অভিযোগের ভিত্তিতে দর্জিকে গ্রেপ্তার করে পুলিশ। এদিকে দর্জির পরিবারে তিন সন্তান। দিন আনা দিন খাওয়া অভাবের পরিবার। স্বামীর গ্রেফতারিতে ন্যায্য বিচারের দাবিতে আইসির দ্বারস্থ হয় অসহায় স্ত্রী। তারপরেই আইসি সরজমিনের খতিয়ে দেখেন মিথ্যা মামলায় ফাঁসানো হয়েছিল ওই ব্যক্তিকে। অবশেষে জামিনে ছাড়া পেলেন ওই দর্জি। আইসির ভূমিকায় ধন্যবাদ জানিয়েছে পরিবার। প্রশংসা করেছে এলাকারবাসীও। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর থানার ঘটনা। হরিশ্চন্দ্রপুর সদর এলাকার বাসিন্দা শিব নারায়ন কর্মকার (৫০)। দিনের বেলা ভ্যান রিক্সা চালান। সন্ধ্যার পর জামা কাপড় সেলাইয়ের কাজ করেন। কিছু দিন আগে শেখ মতিউর নামে একজনের কাছে তিনি জামা- কাপড় সেলাইয়ের কাজ করে ছিলেন। সেই কাজের জন্য ১৫০০ টাকা পেতেন। কিন্তু টাকা চাইতে গেলে টাকা দিতে অস্বীকার করে মতিউর। যা নিয়ে বচসা বাধে এবং ধাক্কাধাক্কি হয়। শিবনারায়ণ কর্মকার মতিউরের নামে হরিশ্চন্দ্রপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। পাল্টা মতিউর ও লিখিত অভিযোগ দায়ের করে। সেই অভিযোগের ৩০৮ এবং ৩২৬ ধারায় মামলা রুজু হয় শিবনারায়ণ কর্মকারের বিরুদ্ধে। ১২ তারিখ সেই অভিযোগ দায়ের হয়। উল্লেখ্য সেদিন ছুটিতে ছিলেন আইসি দেওদূত গজমের। এদিকে এই অভিযোগের ভিত্তিতে ১৫ তারিখ গ্রেফতার করা হয় শিবনারায়ণ কর্মকারকে। স্বামীর গ্রেফতারির পর ন্যায় বিচারের দাবিতে আইসির দ্বারস্থ হন স্ত্রী। তারপরে সরজমিনে সমস্ত ঘটনা খতিয়ে দেখেন আইসি। বুঝতে পারেন মিথ্যা অভিযোগ করা হয়েছে তার বিরুদ্ধে। শিবনারায়ন কর্মকারের বাড়িতে গিয়ে দেখতে পান তাদের প্রচন্ড দুরাবস্থা। জরাজীর্ণ টিনের বাড়ি। বাড়িতে নেই বিদ্যুৎ সংযোগ। তারপর আইসির তৎপরতায় গ্রেফতারির একদিনের মধ্যেই জামিন পেলেন শিবনারায়ণবাবু। আইসির ভূমিকায় প্রশংসায় পঞ্চমুখ সকলে। পুলিশকে এভাবে সমস্ত ঘটনা খতিয়ে দেখা উচিত মত এলাকাবাসীর। ধন্যবাদ জানিয়েছেন ওই দর্জির স্ত্রী শকুন্তলা কর্মকার। শিবনারায়ণ কর্মকারের স্ত্রী শকুন্তলা কর্মকার বলেন, আমার স্বামী টাকা পেত কিন্তু টাকা দেয়নি। উল্টে মিথ্যা মামলা করেছিল। সেই মামলার ভিত্তিতে গ্রেফতার হয়। আমি হাল ছাড়িনি। ন্যায় বিচারের জন্য আইসির কাছে গেছিলাম। আজ আমার স্বামী জামিনে ছাড়া পেল। আইসিকে ধন্যবাদ। প্রসঙ্গত বিভিন্ন সময় দেখা যায় অনেকে মিথ্যা মামলায় ফেঁসে যায়। তাই এক্ষেত্রে মামলা রুজু করার আগে পুলিশের বিচার করা উচিত। কি ভাবে ওই ব্যক্তির বিরুদ্ধে তদন্তকারী অফিসার খুনের চেষ্টার মামলা রুজু করলো সেই নিয়েও উঠেছে প্রশ্ন। তবে আইসির তৎপরতায় সাধুবাদ জানিয়েছে সকলে।

কুড়মি- রোষে দিলীপ ঘোষ, খড়গপুরে বাংলোয় ‘ভাঙচুর’

দুরন্ত বার্তা, খড়্গাপুর, ১৭ মে ঃ ‘প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে’। খড়গপুরে দিলীপ ঘোষের বাংলোয় ‘ভাঙচুর’! গেট ভেঙে বাংলোর ভিতরে ঢুকে পড়লেন কুড়মি সম্প্রদায়ের মানুষের। সামনের রাস্তায় চলল বিক্ষোভ। ঘটনা ঠিক কী? সংরক্ষণের দাবিতে আন্দোলনে নেমেছেন কুড়মি সম্প্রদায়ের মানুষেরা। অবরোধ- বিক্ষোভ চলছে জঙ্গলমহলে। রবিবার দলের কাজে পশ্চিম মেদিনীপুরে লালগড়ে যাচ্ছিলেন দিলীপ ঘোষ। পথে কুড়মিদের বিক্ষোভের মুখে পড়েন তিনি। দিলীপের কাছে জানতে চাওয়া হয়, ‘কুড়মি সমাজের জন্য কী করেছেন’? জবাবে মেদিনীপুরের বিজেপি সাংসদ বলেন, ‘কুড়মি সমাজের বহু মানুষকে নানাভাবে সাহায্য করেছি। আন্দোলনের সময়ে চাল- ডাল দিয়েছি’। দিলীপ ঘোষের এই মন্তব্যে রীতিমতো ক্ষুব্ধ কুড়মিরা। শ্রেফ রানিবাধে তুমুল বিক্ষোভ নয়, বাঁকুড়া জেলার বিভিন্ন প্রান্তে কুশপুতুল পোড়ানো হয়

বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতির। আন্দোলনকারীদের দাবি, ‘কর্মীরা কোনও নেতার কাছে হাতে পাতে না। নিজেরা চাঁদা তুলে আন্দোলন করে’। এদিন সকালে খড়গপুরে দিলীপ ঘোষের রেলওয়ে বাংলোর সামনে জমায়েত করেন কুড়মিরা। এরপর গেট ভেঙে ভিতরে ঢুকে পড়েন তাঁরা। শুধু তাই নয়, বাংলোর বাইরে বেশ কিছু জিনিসও ভাঙচুর করা হয় বলে অভিযোগ। এরপর যখন পুলিস যখন বিক্ষোভকারীদের বাংলোর বাইরে বের করে দেয়, তখন রাস্তা আটকে শুরু হয় বিক্ষোভ। কুড়মি নেতা অজিত মাহাত বলেন, ‘কুড়মি জাতির কোনও একজন বা দু’জন ব্যক্তি চুরি করতে পারে, ধোকা দিতে পারে। কিন্তু কুড়মি জাতির কথা কেন বলল? যাঁরা করেছে, তার বিরুদ্ধে মুখোশ খুলুক। আমাদের কিছু বলার নেই। কুড়মি জাতি স্বভিমানে আঘাত। আমরা বলছি, প্রকাশ্যেই ক্ষমা চাইতে হবে’। এদিকে কুড়মি অসন্তোষে বিপাকে বিজেপি। দিলীপ ঘোষের মন্তব্যের জন্য ক্ষমা চেয়েছে দলের রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। তিনি বলেন, ‘আমার মনে হয় দিলীপ ঘোষের কথা বুঝতে অসুবিধা হয়েছে। আমি ক্ষমা চেয়ে নিচ্ছি’।

পণ না পেয়ে নববধূকে শ্বাসরোধ করে খুনের অভিযোগ স্বামী সহ শ্বশুরবাড়ির লোকেদের বিরুদ্ধে, চাঞ্চল্য

দুরন্ত বার্তা, মালদা, ১৭ মে ঃ স্বামী রয়েছে ভিন রাজ্যে। শ্বশুরবাড়ি থেকে নব বধূর মৃত দেহ উদ্ধার করলেন পুলিশ। খুন নাকি আত্মহত্যা, তদন্তে নেমেছে পুলিশ। তবে মেয়ের বাবার পরিবারের দাবি স্বামী ভিন রাজ্য থেকে ফিরে এসে স্ত্রীকে খুন করে গা ঢাকা দিয়েছে। তবে স্বামী ভিন রাজ্য থেকে কবে ফিরলেন এবং এখন কোথায় আছে তার খোঁজ শুরু করেছে পুলিশ। বিয়ের দুই মাস পরে যৌতুকের দাবিতে নব বধূকে শ্বাসরোধ করে খুন করার অভিযোগ উঠল স্বামী সহ শ্বশুরবাড়ির সদস্যদের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে বুধবার সকালে হরিশ্চন্দ্রপুর থানার তুলসীহাটা গ্রাম পঞ্চায়েতের পাড়ো গ্রামে। এই নিয়ে এদিন এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পুলিশ সূত্রে জানা গেছে, মৃতা ওই নব বধূর নাম মুস্তরি খাতুন (২৩)। ঘটনার পর থেকেই শ্বশুর বাড়ির লোকেরা পলাতক। মুস্তরি খাতুনকে খুন করা হয়েছে বলে স্বামী মুতাহার আলি সহ পরিবারের সদস্যদের নামে হরিশ্চন্দ্রপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন মৃতার মেয়ের পরিবার। স্থানীয় সূত্রে জানা যায়, বছর খানেক আগে হরিশ্চন্দ্রপুর থানার সুলতান নগর গ্রাম পঞ্চায়েতের জয়রামপুর গ্রামের বাসিন্দা আজিমুল আলির মেয়ে মুস্তরি খাতুনের সঙ্গে শরীয়ত মোতাবেক বিয়ে হয় হরিশ্চন্দ্রপুর থানার

তুলসীহাটা গ্রাম পঞ্চায়েতের পাড়ো গ্রামের বাসিন্দা জিয়াউদ্দিন আহমেদের ছোট ছেলে মুতাহার আলির। বিয়ের পর থেকেই যৌতুকের জন্য স্বামী বাবার বাড়ি থেকে শ্বশুর বাড়িতে নব বধূকে আনতে অস্বীকার করতেন। এই নিয়ে পরিবারে একটা অশান্তি লেগে ছিল। বেশ কয়েকবার সালিশি সভাও বসে। দুই মাস আগে আনুষ্ঠানিক ভাবে বিয়ে ও রেজিস্ট্রি হয়। শ্বশুরবাড়িতে মাসখানেক থাকার পর ঈদের দুই দিন আগে বাবার বাড়ি চলে যায় মুস্তরি। গত সোমবার শ্বশুর বাড়িতে ফিরে আসেন সে। এদিন বুধবার সকালে ফোন মারফতে নব বধূর মৃত্যুর খবর শুনতে পান পরিবারের লোকেরা। মেয়ের পরিবারের অভিযোগ, বিয়ের পর থেকেই যৌতুকের জন্য চাপ দিতে থাকে মেয়ের উপর। পিতৃহারা গরিব পরিবারের মেয়ে মুস্তরি মায়ের কাছ থেকে টাকা আনতে না পারায় স্বামীর সঙ্গে অশান্তি শুরু হয়। যৌতুকের দাবিতে তাকে মারধর করা হত, খেতে পর্যন্ত দেওয়া হত না। শ্বশুরবাড়ির অত্যাচার সীমা ছাড়ালে বাধ্য হয়ে কয়েকদিন আগে বাপের বাড়ি ফিরে যান মুস্তরি। এদিন সকালে মেয়ের শ্বশুরবাড়ির প্রতিবেশীদের কাছ থেকে মেয়ের মৃত্যু হয়েছে বলে জানতে পারেন। গিয়ে দেখে মেয়ের গলায় আঘাতের চিহ্ন রয়েছে। টাকার দাবিতে ওরা মেয়ের মুখে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে খুন করেছে। ওদের উপযুক্ত শাস্তির দাবি তুলেছেন মেয়ের পরিবারের লোকেরা। খুন নাকি আত্মহত্যা তা ময়নাতদন্তের রিপোর্টের পরে জানা যাবে বলে জানান পুলিশ।

ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ে ছাই পাঁচটি দিন মজুর পরিবারের বাড়ি

দুরন্ত বার্তা, মালদা, ১৭ মে ঃ ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ে ছাই পাঁচটি দিন মজুর পরিবারের বাড়ি। কয়েক লক্ষ টাকার ক্ষয়ক্ষতি। অগ্নিকাণ্ডের দেড় ঘন্টা পর ঘটনাস্থলে পৌঁছায় দমকল। দমকলের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দিয়েছে এলাকার মানুষেরা। জোরালো হয়েছে এলাকায় দমকল কেন্দ্র গড়ে তোলার দাবি। সমগ্র ঘটনায় ব্যাপক চাঞ্চল্য এলাকায়। মালদার রতুয়া ১ নম্বর ব্লকের রতুয়া পঞ্চায়েতের অন্তর্গত মহাদেবপুর গ্রামের ঘটনা। স্থানীয় সূত্রের খবর এলাকার এক দিন মজুরের বাড়িতে হঠাৎ আগুন লেগে যায়। সেখান থেকে ছড়িয়ে পড়ে আগুন। পাঁচজনের বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। বাড়িতে থাকা আসবাবপত্র ভস্মিভূত। কিন্তু রতুয়ায় নেই কোন দমকল কেন্দ্র। ৩০ কিলোমিটার দূরে চাঁচলে রয়েছে দমকল। তাই স্থানীয়রা আগুন নেভানোর কাজে হাত লাগায়। প্রশাসনের কাছে ক্ষতিপূরণের দাবি জানিয়েছে ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যরা।

মোবাইলের মাধ্যমে আইপিএলের বেটিং চক্র গ্রেফতার ২

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৭ মে ঃ বাড়িতে বসে মোবাইলের মাধ্যমে আইপিএলের বেটিং চক্র চালানোর অভিযোগে শিলিগুড়ির প্রধাননগর থানার পুলিশ শিলিগুড়ির গুরুং বস্তি এলাকাতে অভিযান চালিয়ে দুইজনকে গ্রেফতার করে। ধৃত দুজনের নাম হল রোহিত সিংহ ও নবাঙ্কুর সরকার। ধৃতদের বুধবার শিলিগুড়ি মহকুমা আদালতে পাঠিয়ে সমস্ত ঘটনা তদন্ত শুরু করেছে প্রধান নগর থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সূত্রে পুলিশের কাছে খবর আসে গুরুংবস্তি এলাকাতে একটি বাড়িতে মোবাইল অ্যাপের মাধ্যমে বেটিং চক্র চলছে। সেই খবর পেয়ে নবাঙ্কুর সরকারের বাড়িতে হানা দেয় পুলিশ। ঘটনার স্থল থেকেই ওই দুজনকে গ্রেফতার করা হয়। তবে ধৃতদের কাছ থেকে কোনরকমের নগদ অর্থ উদ্ধার করতে পারেনি পুলিশ। পুলিশের অনুমান অনলাইনের মাধ্যমে টাকার লেনদেন হচ্ছিল। সমস্ত ঘটনার তদন্ত শুরু করেছে প্রধাননগর থানার পুলিশ।

লালন শেখের মৃত্যুর তদন্ত শুরু করলো সিট

দুরন্ত বার্তা, রামপুরহাট, ১৭ মে ঃ বুধবার হাইকোর্টের নির্দেশে বগটুই কাণ্ডে সিবিআই হেফাজতে লালন শেখের অস্বাভাবিক মৃত্যুতে তদন্ত শুরু করলো সিট। ১৪ নম্বর জাতীয় সড়কের ধারে সিবিআইয়ের অস্থায়ী ক্যাম্প পান্থশ্রী থেকে এই মৃত্যুর তদন্ত শুরু করল সিট। এই নিয়ে মুখ খুলতে চায়নি তদন্তকারী অফিসারেরা। প্রসঙ্গত, গত বছরের ২১ মার্চ রামপুরহাট বগটুই মোড়ে বোমা মেরে খুন করা হয় তৃণমূলের বড়শাল গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান ভাদু শেখকে। লালন শেখ তার ছায়াসঙ্গী ছিলেন। লালনের সামনেই খুন করা হয় ভাদুকে। এরপরেই খুনের বদলা নিতে বগটুই গ্রামের একাধিক বাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়। একটি বাড়িতেই পুড়িয়ে মারা হয় আটজনকে। পরে আরও দুই অগ্নিদগ্ধ মহিলার মৃত্যু হয়। গনহত্যা কাণ্ডে মুল অভিযুক্ত ছিলেন লালন শেখ। তাকে ৪ ডিসেম্বর ঝাড়খণ্ডের গ্রাম থেকে গ্রেফতার করে সিবিআই। আদালতের অনুমতি নিয়ে সিবিআই হেফাজতে থাকাকালীন ১২ ডিসেম্বর দুপুরে বাথরুমের মধ্যে থেকে তার ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে পুলিশ। ঘটনার পর মৃত্যুর তদন্ত শুরু করে সিআইডি। কিন্তু হাইকোর্টের নির্দেশে লালন শেখের মৃত্যুর তদন্ত হাতে নেয় সিবিআই। এই নিয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে পাল্টা মামলা করা হয়। এরপরেই মে মাসের প্রথম সপ্তাহে ফের সিট কে তদন্তের ভার দেয় হাইকোর্ট। সেই নির্দেশ পেয়ে এদিন প্রথম তদন্ত শুরু করে সিট। প্রথমেই তাঁরা যান সিবিআইয়ের অস্থায়ী অফিস পান্থশ্রীতে। সন্ধ্যা পর্যন্ত তদন্ত করার পর সেখান থেকে চলে যান তদন্তকারী অফিসারেরা।

লোকালয়ে বাইসন, আতঙ্কিত মানুষ

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ১৭ মে ঃ আবার দাপিয়ে বেড়ালো বাইসন। এই নিয়ে গত এক সপ্তাহে এলাকায় তিন বার বাইসনের হানায় আতঙ্কিত বাসিন্দারা। বুধবার বিকেলে ফের একটি বাইসন সাঁওতালি বস্তি এলাকায় প্রবেশ করে এলাকায় দাপিয়ে বেড়ায়। ঘটনাস্থলে বক্সা ব্যাঘ্র প্রকল্প ও জলদাপাড়া বনবিভাগের বনকর্মীরা পৌঁছায়। বর্তমানে বাইসনটি একটি সুপারি বাগানে আশ্রয় নিয়েছে। বনদফতর বাইসনটিকে জঙ্গলে পাঠানোর চেষ্টা চালাচ্ছে।

Office of the
Manguria Lalpur Gram Panchayat
PO-Daldali, PS-Hura, Dist-Purulia

Notice Inviting E-Tender No. 01/ MLGP/2023-24 (2 nd Call), Date-17/05/2023 The Prodhan, Manguria Lalpur Gram Panchayat invites e-tender. More details visit https://etender.wb.nic.in

Sd/- Pradhan
Manguria Lalpur Gram Panchayat

NOTICE INVITING e-TENDER (1st Call)

Notice inviting e- Tender No-21/ 2023-24 /G.K.G.P. Date 11/05/ 2023 Of The Office Of The Pradhan Ghatbera Kerowa Gram Panchayat, Po:-Ghatbera, Dist:- Purulia invities e-Tender For 5 (FIVE) Nos. Scheme Under 15th F.C (UNTIED) in portal www.wbtenders.gov.in. Last Date of Submission of Bid (Online) 22/05/2023 04.00 P.M. Opening Date of Technical Bid (Online) 25/05/2023 11:00 A.M.

Sd/- Pradhan
Ghatbera- Kerowa Gram Panchayat

SHUBH LABH INVESTMENTS LTD.
Regd. Office: Sincere Group, 1st Floor, 12 B. B. D. Bagh (East), Kolkata-700 001, WB
CIN: L65993WB1980PLC033083
Ph: (033)4020 2100
Website: shubhlabhinvestmentsltd.godaddysites.com
Email: subhlabhinvestments@gmail.com

NOTICE

Pursuant to Regulation 29 read with Regulation 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosures Requirements) Regulations, 2015, Notice is hereby given that the meeting of the Board of Directors of the company will be held on Monday, the 31st Day of May, 2023 at 11:00 A.M. to inter-alia, consider and approve the Audited Financial Results of the Company for the quarter and year ended 31st March, 2023.

For Shubh Labh Investments Ltd.
Sd/- Bhagwan Das Agarwal
(Director)
DIN: 00532041
Place : Kolkata
Date : 11/05/2023

INVITING TENDER NOTICE

Undersigned is inviting Tender notice towards NIT No. 04/ Dev/EO/Pur/2023-24 Date. 15.05.2023. Last date of submission of tender is up to 5:00 pm., 22.05.2023 and will be opened on 25.05.2023 at 11:00 a.m. For details pl. contact to the office of the undersigned or visit the website http:// wbtenders.gov.in.

Sd/- Executive Officer
Pursurah Panchayat Samity
Pursurah, Hooghly

০১টি নন-এসি লাইট মোটর ডিজেল ভেহিক্যাল ভাড়া

[illegible] www.ireps.gov.in [illegible]

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

উত্তর মধ্য রেলপথ

সংশোধনী নং ৬৩২৩ /মিস, তারিখঃ- ১৬.০৫.২০২৩

দ্বিতীয় সংশোধনী

ভারতের রাষ্ট্রপতির হয়ে, প্রিন্সিপ্যাল চিফ মেটেরিয়াল ম্যানেজার, উত্তর মধ্য রেলপথ, প্রয়াগরাজ একটি সংশোধনী দাখিল করেছে টেন্ডার নম্বর ৬৩২৩ আরজিসি ০৬ এর জন্যে যেটি প্রকাশিত হয়েছিল টেন্ডার বিজ্ঞপ্তি নং ২৩/ ২৪, তারিখঃ ১১-০৪-২০২৩ এ। টেন্ডার নংঃ- ৬৩২৩ আরজিসি ০৬, উপাদানঃ- ওপেনিং তারিখ-১৮.০৫.২০২৩ এর পরিবর্তে ২৮.০৬.২০২৩ তারিখ, কমার্শিয়াল কমপ্লাইয়ান্স - পূর্ববর্তী থেকে পরবর্তী আপডেট পর্যন্ত, অন্তিম মূল্য-৩৭৭১৩০ থেকে ৩৮৪৭১০, পরিমাণ- ১৬৪১০৯৬ টি থেকে ১৬৭৪০৯৬ টি, নতুন কোসাইগ্ন-থেকে- পর্যন্ত- যুক্ত করা হয়েছে।

টেন্ডারের অন্যান্য নিয়ম এবং শর্তাবলীগুলি অপরিবর্তিত থাকবে।

536/23 (D)

www.ncr.indianrailways.gov.in @CPRONCR

Office of the ONDA 1 GRAM PANCHAYAT, ONDA, BANKURA

Tender is invited by the undersigned for the following works under NIT & NIeT given below.

NIT No.	Nature of Work	Date of publish	No. of works	Last Date of Dropping of Sealed Tender	Date of opening
NIeT-09/CFC-BG/2023-24(2 nd Call)	Purchasing of Tubewell Spare Parts	15-05-2023	1	22-05-2023 up to 5 P.M.	25-05-2023
NIT-06/CFC-BG/2023-24(2 nd Call)	Construction of Concrete Drain	17-05-2023	4	24-05-2023 up to 5 P.M.	25-05-2023

For details please visit website wbtenders.gov.in or office of the undersigned.

Sd/- Pradhan
Onda 1 G.P

রেলওয়ে বৈদ্যুতীকরণ, নিউ জলপাইগুড়ি

(সিভিল ইঞ্জিনিয়ারিং দপ্তর)

১।	ই- টেণ্ডার নম্বর	আরই -এনজেপি-টেন্ডার-ইঞ্জিনিয়ারিং-ডাবলুটি-২৮১
২।	টেন্ডার টাইপ	ওপেন
৩।	টেন্ডারিং সেকশান	সিভিল- ইঞ্জিনিয়ারিং
৪।	বিডিং সিস্টেম	সিংগেল প্যাকেট
৫।	বিডিং স্টাইল	কাজ প্রতি একটি দর
৬।	বিডিং ইউনিট	বেশি / কম/ সমান
৭।	প্রকাশিত দর	৭,৬৬,৬৬,০২৫.১৩ টাকা
৮।	টেন্ডার ডকুমেন্ট দাম	০.০০ টাকা
৯।	অন্তিম মূল্য (আইএনআর)	৫,৩৩,৩০০.০০ টাকা
১০।	টেন্ডার বন্ধ হওয়ার সময় ও তারিখ	০৫.০৬.২০২৩ দুপুর ১২টা
১১।	কাজ পরিপূরণের সময়সীমা	০৩ মাস
১২।	অফারের বৈধতা	৪৫ দিন
১৩।	কাজের বর্ণনা	ট্র্যাক এর অবতরণ, এল সি গেটে নং এস কে / ২২০ এর পরে, কে এম ০৮/ ৩-৪ এবং এস কে /২২১, কে এম ০৯/ ৬-৭, এসজিইউজে এবং বিওআরএ সেকশানের এর মাঝামাঝি স্থানে, এল সি গেটের উভয় দিকেই আরসিসি ড্রেন-এর প্রতিস্থাপন সাথে অনুসাঙ্গিক কাজ, রেলওয়ে বইদ্যুতিকরনের সম্পর্কিত কাজ, কাটিহার ডিভিশন, এন এফ রেলওয়ে। (গ্রুপ - ৩১৬)
১৪।	ওয়েবসাইটের বিবরণ এবং নোটিশ যেখানে টেন্ডার সংক্রান্ত সমগ্র বর্ণনা পাওয়া যাবে	www.ireps.gov.in

ভারতের রাষ্ট্রপতির পক্ষ থেকে,
মুখ্য প্রোজেক্ট ডিরেক্টর
(ইঞ্জিনিয়ারিং)
রেলওয়ে বৈদ্যুতিকরণ / নিউ জলপাইগুড়ি

No.PR./91/2023
R.D. Adv.

“গ্রাহক পরিসেবায় প্রসন্ন চিত্তে”

NAPARA GRAM PANCHAYAT
Vill.-NAPARA, P.O.- NAPARA, Dist.- PURULIA (W.B), Pin.-723151
Email id- naparagp@gmail.com
Notice Inviting E-Tender:-NGP/NIT(e)-06/ 2022-23, Date: 16.05.2023

Pradhan, Napara Gram Panchayat, Napara, Purulia invites E-Tender for total 7(Seven) nos. different works. Period for submission of bid documents 18.05.2023 6.00 p.m. To 24.05.2023 up to 12.00 p.m. Time and date of opening of Technical bid At 12.00 p.m. on 26.05.2023. For details please visit https://wbtender.gov.in

Sd/- Pradhan
Napara Gram Panchayat

Office of the Mollabelia Gram Panchayat
Vill:Uttar Duttapara, P.O-Mollabelia,P.S.Haringhata, Dist- Nadia. Pin-741249

NOTICE INVITING TENDER NO. –E-3/MGP/2023-2024 & E-4/MGP/2023-2024, Dated: 18.05.2023

For and on behalf of the Mollabelia Gram Panchayat, Prodhan, Mollabelia Gram Panchayat invites tenders through E-tendering for total 6 (Six) Nos. different works. Document download / Sale Starting from 18.05.2023 10.00 Hrs. up to 24.08.2023 up to 12.00 Hrs. Last date of submission of Bid on 24.05.2023 up to 12.00 Hrs. Bid Opening Date(Technical) 26.05.2023 at 11:00 Hrs. For details please visit website https://wbtenders.gov.in

Sd/- Prodhan
Mollabelia Gram Panchayat

Office of Khagramuri Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
e-NIT No. KHGP/946(2)/2023 Date-18.05.2023

The Prodhan, Khagramuri Gram Panchayat Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for total 7(Seven) Nos. different works. Completion Time: 60 days. Documents download starting from 18.05.2023 at 11:30 am. Last date of submission of Bid on 27.05.2023 up to 03:00 PM. Technical bid opening date: 29.05.2023 at 03:00 PM. For details please visit website: https://wbtenders.gov.in

Sd/- Pradhan
Khagramuri Gram Panchayat

বেড়ানো- বেড়ানো

মিরিক তো সকলেই যান কখনও ঘুরে দেখেছেন চাবাগিচার গ্রাম নলদারা

দার্জিলিং গিয়ে মিরিক যান না এমন লোকের দেখা মেলা ভার। মিরিক লেকে বোটিং, মিকিকের চাবাগানে ফটো সেশন, সেলফি কে না তুলেছেন। সে হিসেবে দেখতে গেলে পাহাড়ি সৌন্দর্য থাকলেও মিরিকে পর্যটকের ভিড় একটু বেশি। যাঁরা একটু নিরিবিলিতে থাকতে চান তাঁদের জন্য অপেক্ষা করছে মিরিকের কাছেই ছোট্ট গ্রাম নলদারা। দার্জিলিং মানেই মিরিক। সাইড সিইং এর একটা দিন মিরিকের জন্য বরাদ্দ থাকেই। ঢালু রাস্তায় গাড়ির চড়াই উতরাই পথ। তার মাঝেই গাড়ি দাঁড় করিয়ে চাবাগানে ঘুরে বেড়ানো ছবি তোলা, সেলফি তোলা। সকলের অ্যালবামেই মিরিকের চাবাগানে দাঁড়িয়ে ছবি একটা না একটা থাকবেই। মিরিক লেকে বোটিং থেকে শুরু করে ছোঁয়া ওঠা ম্যাগি খাওয়া সবই হয়। মিরিক ঘুরতে ঘুরতে যাঁদের একঘেয়ে হয়ে গিয়েছে তাঁরা বেড়িয়ে আসুন মিরিকের কাছেই এই নলদারা গ্রাম থেকে। আর এনজেপি থেকে নলদারা গ্রাম যাওয়ার রাস্তাটা আরও সুন্দর। মুক্তি বস্তি পেরিয়ে গাড়ি ধাপে ধাপে পাহাড়ে ওঠে। মুক্তি বস্তি থেকে ৪ কিলোমিটার দূরে নলদারা গ্রাম। গ্রাম জুড়ে কেবল চাবাগান। তার মাঝেই ছোট ছোট বাড়ি। সাজানো বাগান। যাবে। এখানকার হোমস্টে গুলিতে বিলাসিতার কিছু না থাকলেও গ্রামের সাদামাঠা পরিবেশ এখানে

নলদারা গ্রামে চায়ের বাগান ছাড়াও রয়েছে সুন্দর একটা ভিউ পয়েন্ট। তিস্তার পাড়ে সূর্যাস্তের অসাধারণ দৃশ্য দেখা যায়। এমনকী নেপাল সীমান্তও এই ভিউ পয়েন্ট থেকে দেখা যায়। রাতের সৌন্দর্য আরও সুন্দর। দূরের পাহাড়ে যেন শত সহস্র আলো জ্বলে উঠেছে। তিনদিক জুড়ে কেবল আলোর রোশনাই। অসাধারণ সেই ভিউ। এখানে একেবারে অরগ্যানিক খাবার পাওয়া দেখা যায়। গ্রামবাসীরা আপন করে নেন অতিথিদের। গ্রামের রাস্তা আর চা বাগানে ঘুরেই একটা দিন কেটে যাবে। এখান থেকে মিরিকও যাওয়া যায়। কাজেই কেবল গ্রামে ঘুরেই কাটিয়ে দিতে হবে সারাটা দিন এমনটা নয়, ইচ্ছে করলেই সকলেই যেতে পারে মিরিক কিম্বা অন্য কোথাও। দেখবেন খুব ভালো লাগবে। তাই ভাববার সময় নেই বেড়িয়ে পড়ুন, চলে আসুন মিরিকে।

ভূস্বর্গে পর্যটকদের নতুন ডেস্টিনেশন

গিয়েছেন কি কাশ্মীর। যদি না গিয়ে থাকেন, তবে পরিকল্পনা করুন কি ভাবে সেখানে যাওয়া যেতে পারে। জানেন কি ভূস্বর্গের হাতছানি এড়িয়ে চলা খুব মুশকিল। এবার বলি, জানেন কি এখন পর্যটকদের নতুন ডেস্টিনেশন হয়ে দাঁড়িয়েছে ভূস্বর্গেরই ছোট্ট একটা বাংলাদেশ। পর্যটকরা এখন গুলমার্গ , শোনমার্গের আকর্ষণ কাটিয়ে এই বাংলাদেশে ভিড় করছে পর্যটকরা। বিশেষ করে বাঙালি পর্যটকরা। ভূস্বর্গে ছোট্ট বাংলাদেশ বাংলাদেশ প্রতিবেশি রাষ্ট্র হলেও ভাষার টানে বাঙালির সঙ্গে তার আত্মিক যোগ রয়েছে। অনেকেই যেতে চান বাংলাদেশে। ভাষার সেই আত্মিকতা দেখতে চান। কিন্তু পাসপোর্ট ভিসা আবার কখনও বাজেট বাধা হয়ে দাঁড়ায়। তাদের জন্য অপেক্ষা করছে ভূস্বর্গের এই ছোট্ট বাংলাদেশ। উত্তর কাশ্মীরের বান্দিপোরা জেলায় অবস্থিত এই ছোট্ট গ্রামটি। যার স্থানীয় নাম জুরিমাজ। তবে বাংলাদেশ বলেই বেশি পরিচিত। কী আছে এখানে এখানে রয়েছে জনপ্রিয় উলুর লেক। যাকে এশিয়ার সবচেয়ে স্বচ্ছ জবের হ্রদগুলির মধ্যে দ্বিতীয় বলা হয়। এর নৈস্বর্গিত সৌন্দর্য অসাধারণ। সম্প্রতী পর্যটকদের হটস্পটে পরিণত হয়েছে এই বাংলাদেশ গ্রামটি। এখানে শিকারা রাইডের বঙ্গোবস্ত রয়েছে। এই গ্রামে মূলত মৎস্যজীবীদের বাস। তাঁরা মনে করছেন এখানে পর্যটকদের আগমন যত বেশি হবে তত উন্নয়ন হবে। কাশ্মীরের ডাললেকের শিকারা ভ্রমণ জনপ্রিয়। আশঙ্কাও উড়িয়ে দিচ্ছেন না। সবটা বিবেচনা করেই এলাকার উন্নয়ন চাইছেন বাসিন্দারা। কাশ্মীর হটফেভারিট কাশ্মীর বরাবরই পর্যটকদের কাছে আকর্ষণের কেন্দ্রে থাকে। এপ্রিল থেকে অক্টোবর মাস পর্যন্ত কাশ্মীরে পর্যটকরা ভিড়

গোটা বিশ্বের পর্যটকরা ডাল লেকের শিকারা ভ্রমণ করতে আসেন। আবার ডাল লেকের হাউসবোট গুলিতেও থাকেন তাঁরা। সেভাবেই উলুর লেককেও উন্নত করার পরিকল্পনা করা হচ্ছে। গ্রামবাসীরা মনে করছেন সরকার উদ্যোগী হলেই পর্যটকদের আসার সংখ্যা বাড়বে। আবার তাঁরা দূষণের করেন। তার পরে ঠান্ডা পড়ে যায় আর প্রবল তুষারপাতের কারণে পর্যটকরা তেমন আসতে পারেন না। এপ্রিল মাসে টিউলিপ গার্ডেন আর চিনার গাছের ফুল দেখতে ভিড় করেন পর্যটকরা। জঙ্গি এবং নাশকতা অনেকটাই কমে যাওয়ায় এখন পর্যটকরা ভিড় করছেন কাশ্মীরে।

রাজনীতির চেয়ে জনগণের আশা আকাঙ্খাই বেশি গুরুত্বপূর্ণ ঃ বোম্মাই

বেঙ্গালুরু, ১৭ মে ঃ কংগ্রেস নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেলেও, কর্ণাটকের নতুন মুখ্যমন্ত্রী কে হবেন, তা নিয়ে ধোঁয়াশা অব্যাহত রয়েছে। বুধবার পর্যন্ত কর্ণাটকের নতুন মুখ্যমন্ত্রীর নাম ঠিক করতে পারল না কংগ্রেস। আর তা নিয়েই কংগ্রেসকে বিঁধলেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা বাসভরাজ বোম্মাই। বুধবার তিনি বলেছেন, রাজনীতির চেয়ে জনগণের আশা আকাঙ্খাই সবথেকে বেশি গুরুত্বপূর্ণ। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে বাসভরাজ বোম্মাই বলেছেন, সংখ্যাগরিষ্ঠতা পাওয়া সত্ত্বেও কংগ্রেস এখনও মুখ্যমন্ত্রী প্রার্থী চূড়ান্ত করতে পারেনি। এতে দলের অভ্যন্তরীণ অবস্থা বোঝা যাচ্ছে। রাজনীতির চেয়ে জনগণের আশা আকাঙ্খাই বেশি গুরুত্বপূর্ণ। যত তাড়াতাড়ি সম্ভব মুখ্যমন্ত্রী নির্বাচন করা উচিত কংগ্রেসের। প্রসঙ্গত, বুধবারই দিল্লির ১০, জনপথ এ গিয়ে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর সঙ্গে দেখা করেছেন সিদ্ধারামাইয়া ও ডি কে শিবকুমার। কর্ণাটকের নতুন মুখ্যমন্ত্রী সম্ভবত সিদ্ধারামাইয়া অথবা শিবকুমার হতে পারেন। এদিনই আবার কর্ণাটকের নতুন মুখ্যমন্ত্রী নির্বাচনকে ঘিরে জাতীয় রাজধানীতে কংগ্রেসের তৎপরতা তুঙ্গে। মুখ্যমন্ত্রী পদের দৌড়ে থাকা দুই প্রবীন নেতা প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধারামাইয়া এবং কর্ণাটকের প্রদেশ কংগ্রেস সভাপতি ডি কে শিবকুমার বুধবার কংগ্রেস নেতা রাহুল গান্ধীর সঙ্গে দেখা করেছেন।

অন্ধ্রপ্রদেশে হিট এন্ড রান দুর্ঘটনা, প্রাণ হারালেন ৬ জন মহিলা কর্মী

পল্ভুগাল্লু, ১৭ মে ঃ অন্ধ্রপ্রদেশের পালনাড়ু জেলার একটি গ্রামে দ্রুতগামী ট্রাকের ধাক্কায় অটোরিকশায় থাকা ছয় মহিলা শ্রমিক প্রাণ হারিয়েছেন এবং অনেক আহত হয়েছেন, এমনটাই পুলিশ জানিয়েছে। বুধবার ভোরে দুর্ঘটনাটি ঘটেছে। প্রতিবেশী রাজ্য তেলেঙ্গানার মহিলারা লঙ্কা কাটার জন্য রাজ্যের পালনাড়ু জেলার পুলিপাদু গ্রামে যাওয়ার সময় দুর্ঘটনাটি ঘটে। গুডুরু থেকে লখনউগামী একটি লেবু বোঝাই ট্রাক ভোর ৪.৪২ মিনিট নাগাদ অটোরিকশাটিকে ধাক্কা দিয়ে দ্রুত চলে যায়..., গুরজালা মহকুমা পুলিশ অফিসার এ. পাল্লাপু রাজু এমনটাই জানিয়েছেন।

জম্মু-শ্রীনগর জাতীয় সড়কে যান চলাচল স্বাভাবিক, মুঘল সড়ক বন্ধ

